রেজিস্টার্ড নং ডি এ-১ | ২০১৫ সনের ৯ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ২৬, ২০১৫

সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১৫৫—১৭৮ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৯ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ২৭৫—৩০৫ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) .....সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) .....বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৩১—৩৭ | (৩) ..... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) ..... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) ..... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৮৭—৩৭৯ | (৬) .......................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলীসম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**শাখা-১ (প্রশাসন)**

**অফিস আদেশ**

তারিখ, ১৬ অগ্রহায়ণ ১৪২১/৩০ নভেম্বর ২০১৪

**নং ০৮.০০.০০০০.০৩৬.০৭.০৩২.১৪-১২৫৬**—অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সকল ধরণের সম্পদ/সেবা সংগ্রহ/ক্রয় এর নিমিত্ত Public Procurement Rules-2008 অনুযায়ী দরপত্র মূল্যায়ন কমিটি বা Tender/Proposal Committee (TEC/PEC) নিম্নরূপভাবে গঠন করা হলো ঃ

**সভাপতি**

(১) যুগ্ম-সচিব (প্রশাসন), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

**সদস্যবৃন্দ**

(২) উপ-সচিব (বাজেট), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(৩) জনপ্রশাসন মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব পদমর্যাদা সম্পন্ন)/সরকারি যানবাহন অধিদপ্তরের প্রতিনিধি (গাড়ি ক্রয়ের ক্ষেত্রে)

(৪) বাণিজ্য মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব পদমর্যাদা সম্পন্ন)

(৫) গণপূর্ত বিভাগ/বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল/মুদ্রণ, লেখ সামগ্রী, ফরম ও প্রকাশনা অধিদপ্তর/বিআরটিএ-এর প্রতিনিধি (ক্রয়/সংগ্রহের প্রকৃতি ভেদে বিষয়ভিত্তিক নির্বাচিত হবেন)

(৬) জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধি {দ্বিতীয় সচিব (প্রশসন)/ সিনিয়র সিস্টেম এনালিষ্ট (কম্পিউটার সামগ্রী ক্রয়ের ক্ষেত্রে)}

**সদস্য-সচিব**

(৭) সহকারী সচিব (প্রশাসন), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।

২। এতদ্বারা ইতোপূর্বে গঠিত ক্রয়/সংগ্রহ সংক্রান্ত কমিটি/কমিটিসমূহ বাতিল করা হলো।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ ইমাম হোসেন**
সহকারী সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
### বিচার শাখা-৩
### বিজ্ঞপ্তি

তারিখ, ১৮ ডিসেম্বর ২০১৪

**নং ৬৭৬-বিচার-৩/২এম-১৪/৮৮(অংশ)**—বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে সরকার ২০১৪ সনের দেওয়ানী আদালত অবকাশকালীন সময়ে ভ্যাকেশন জজগণ-কে শিশু আইন, ২০১৩ এর আওতায় গঠিত শিশু আদালতের কার্যক্রম পরিচালনা করার জন্য ক্ষমতা প্রদান করলেন।

**মিজানুর রহমান খান**
উপ-সচিব (প্রশাসন)।

---

### বিচার শাখা-৫
### বিজ্ঞপ্তি

তারিখ, ২৪ অগ্রহায়ণ ১৪২১/০৮ ডিসেম্বর ২০১৪

**নং ১০.০০.০০০০.১২৯.১৩.০২৪.১৪-১১৮৪**—আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের ব্যক্তিগত কর্মকর্তা, জনাব সৈয়দ হেলাল উদ্দিন আহমেদ এর ৫৯ বৎসর পূর্তিতে Public Servants (Retirement) (Amendment) Act, 2010 এর ধারা-৪ এর বিধান মোতাবেক ০২-১২-২০১৪ তারিখ সরকারি চাকুরী হতে অবসর মঞ্জুর করা হল এবং ১৯৫৯ সনের নির্ধারিত ছুটি বিধিমালার ৩(১) বি (ii) বিধি এবং চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ ২০০৯ এর ৬ (৪) (ঘ) অনুচ্ছেদ ও অর্থ বিভাগের ০৬-০৪-২০১০ তারিখের অম/অবি/প্রবি-১/চাঃবি-৩/২০১০(অংশ-৩)/৬২ নং প্রজ্ঞাপন মোতাবেক ০২-১২-২০১৪ তারিখ হতে ০১-১২-২০১৫ তারিখ পর্যন্ত ১২(বার) মাস পূর্ণ গড় বেতনে অবসর উত্তর ছুটি (post-retirement leave) মঞ্জুর করা হল।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অত্র আদেশ জারী করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মিজানুর রহমান খান**
উপ-সচিব (প্রশাসন)।

---

### বিচার শাখা-৬
### আদেশ

তারিখ, ৩০ নভেম্বর ২০১৪

**নং আর-৬/৭এ-৩৮/২০১৪-১৪১৪**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে রাজশাহী জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট মোঃ নাজবুল ইসলাম, পিতা মৃত আবুল কাশেমকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মিজানুর রহমান খান**
উপ-সচিব (প্রশাসন)।

---

### প্রজ্ঞাপন

তারিখ, ০৩ ডিসেম্বর ২০১৪

**নং আর-৬/১সি-৩/২০০৩-২৮৭**—১৯০৮ সনের রেজিস্ট্রেশন আইনের ৫ ধারার ১ উপধারা অনুসারে সরকার জনস্বার্থে ও প্রশাসনিক প্রয়োজনে সিরাজগঞ্জ জেলার সলংগা ও রায়গঞ্জ সাব-রেজিস্ট্রী অফিসের অধিক্ষেত্র নিম্নোক্তভাবে নির্ধারণ করিল ঃ

| ক্রমিক নং | সলংগা সাব-রেজিস্ট্রী অফিসের অধিক্ষেত্রভুক্ত ইউনিয়নসমূহ | ক্রমিক নং | রায়গঞ্জ সাব-রেজিস্ট্রী অফিসের অধিক্ষেত্রভুক্ত ইউনিয়নসমূহ |
|---|---|---|---|
| (১) | রামকৃষ্ণপুর | (১) | ধামাইনগর |
| (২) | ধুবিল | (২) | সোনাখাড়া |
| (৩) | ঘুড়কা | (৩) | চান্দাইকোনা |
| (৪) | নলকা | (৪) | ধানগড়া |
| (৫) | সলংগা | (৫) | পাঙ্গাসী |
| (৬) | হাটিকুমরুল | (৬) | ব্রহ্মগাছা |

জনস্বার্থে এই আদেশ জারী করা হইল। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আকবর আলী শেখ**
উপ-সচিব (রেজিঃ)।

---

### বিচার শাখা-৭
### আদেশাবলী

তারিখ, ০৯ ডিসেম্বর ২০১৪

**নং বিচার-৭/২এন-৩/২০১০-৫৯৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ হাছিবুর রহমান, পিতা মৃত মাওলানা জাহিদুল হক, মাতা মোসাঃ মাহমুদা, গ্রাম কাহালপুর, ডাকঘর কাহালপুর, উপজেলা মোল্লাহাট, জেলা বাগেরহাট) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বাগেরহাট জেলার মোল্লাহাট উপজেলার আটজুড়ি ইউনিয়নের অধিক্ষেত্রের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে। উল্লেখ্য, কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা/স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-৩০/২০১৪-৫৯৬**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব সুজিত কুমার দেব, পিতা শংকর লাল দেব, মাতা জ্যোৎস্না রানী দেব, গ্রাম জগন্নাথপুর, ডাকঘর ও উপজেলা জগন্নাথপুর, জেলা সুনামগঞ্জ) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে। উল্লেখ্য, কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ, ১১ ডিসেম্বর ২০১৪

**নং বিচার-৭/২এন-১৫/২০১৪-৬০১**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব বাসুদেব কুমার শীল, পিতা সুশীল চন্দ্র শীল, মাতা বাসনা রানী শীল, গ্রাম চাঁচকৈর, ডাকঘর কাচারীপাড়া, উপজেলা গুরুদাসপুর, জেলা নাটোর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নাটোর জেলার গুরুদাসপুর উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে। উল্লেখ্য, কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ, ২৮ ডিসেম্বর ২০১৪

**নং বিচার-৭/২এন-৮৬/৮৭(অংশ-১)-৬৩২**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ এনামূল হক, পিতা মোঃ ফজলুল হক, মহল্লা নওপাড়া, হোল্ডিং নং-২৬৭, ওয়ার্ড নং-০৮, মিরপুর পৌরসভা, মিরপুর, কুষ্টিয়া) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার মিরপুর পৌরসভার ৭, ৮ ও ৯নং ওয়ার্ডের অধিক্ষেত্রের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে। উল্লেখ্য, কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**মোহাম্মাদ শফিকুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

## কৃষি মন্ত্রণালয়

### সম্প্রসারণ-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ৩০ নভেম্বর ২০১৪

**নং ১২.০৫২.০২৮.০০.০০.০০১.২০১০(অংশ-২)-১৬০২**—কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অনুমোদিত সাংগঠনিক কাঠামো পুনর্গঠন (Revisit) অনুযায়ী কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতাধীন নিম্নোক্তভাবে নতুন উইং গঠন ও উইংয়ের নাম পরিবর্তন করা হলো :

| বিদ্যমান উইংয়ের নাম | সাংগঠনিক কাঠামো পুনর্গঠন (Revisit) অনুযায়ী নতুন এবং পরিবর্তিত উইংয়ের নাম | মন্তব্য |
|---|---|---|
| প্রশাসন ও পার্সোনেল উইং | প্রশাসন ও অর্থ উইং | নাম পরিবর্তন |
| সরেজমিন উইং | সরেজমিন উইং | - |
| উদ্ভিদ সংরক্ষণ উইং | উদ্ভিদ সংরক্ষণ উইং | - |
| - | উদ্ভিদ সংগনিরোধ উইং | নতুন সৃষ্টি |
| প্রশিক্ষণ উইং | প্রশিক্ষণ উইং | - |
| পরিকল্পনা ও মূল্যায়ণ উইং | পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং | নাম পরিবর্তন |
| খাদ্যশস্য উইং | হর্টিকালচার উইং | নাম পরিবর্তন |
| অর্থকরী ফসল উইং | ক্রপস উইং | নাম পরিবর্তন |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

## ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
## ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
## ডাক-১

**প্রজ্ঞাপন**

তারিখ, ১২ অগ্রহায়ণ ১৪২১/২৬ নভেম্বর ২০১৪

**নং ১৪.০০.০০০০.০০৩.১১.০৮৯.১২-২৩৪**—জনাব মোহাম্মদ মোস্তফা কামাল, প্রাক্তন পোস্টমাস্টার, নোয়াখালী প্রধান ডাকঘর, বর্তমানে প্রশিক্ষণ কর্মকর্তা, ডাক প্রশিক্ষণ কেন্দ্র, জিরানী, গাজীপুর (সংযুক্ত সহকারী পোস্টমাস্টার জেনারেল (ডাক সার্ভিস) মেট্রোপলিটন সার্কেল, ঢাকা) এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা দায়ের হওয়ায় একই বিধিমালার ১১(১) বিধি মোতাবেক তাকে সরকারি চাকুরী হতে সাময়িক বরখাস্ত করা হলো।

২। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বিধি মোতাবেক আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ ফয়জুর রহমান চৌধুরী**
সচিব।

---

## তথ্য মন্ত্রণালয়
## চলচ্চিত্র অধিশাখা

**প্রজ্ঞাপন**

তারিখ, ০১ পৌষ ১৪২১/১৫ ডিসেম্বর ২০১৪

**নং ১৫.০০.০০০০.০২৭.২৩.০১৫.১৪-৬৮৬**—২০১৩ সালের জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদানের উদ্দেশ্যে নীতিমালা অনুযায়ী ২০১৩ সালে মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্রগুলো মূল্যায়ন করে পুরস্কার প্রাপকদের নাম সুপারিশ করার জন্য তথ্য মন্ত্রণালয়ের ১২-১০-২০১৪ তারিখের ১৫.০০.০০০০.০২৭.২৩.০১৫.১৪-৫৫৫ নং প্রজ্ঞাপন আংশিক সংশোধনপূর্বক নিম্নলিখিত সদস্যদের সমন্বয়ে জুরি বোর্ড পুনর্গঠন করা হলো :

**সভাপতি**

(১) অতিরিক্ত সচিব (উন্নয়ন), তথ্য মন্ত্রণালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, শাহবাগ, ঢাকা

(৩) অধ্যাপক, ড. শফিউল আলম ভূঁইয়া, চেয়ারম্যান, টেলিভিশন ও চলচ্চিত্র অধ্যায়ন, ঢাকা বিশ্ববিদ্যালয়।

(৪) জনাব মোরশেদুল ইসলাম, চলচ্চিত্র পরিচালক, এপার্টমেন্ট-৩/ডি, বাড়ী নং-৪৫, রোড নং-৪/এ, ধানমন্ডি, ঢাকা।

(৫) জনাব রেজা লতিফ, সিনেমাটোগ্রাফার, ৬৫০/এ, উত্তর কাফরুল, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা।

(৬) জনাব আবু মুসা দেবু, সম্পাদক, ১৭২, পশ্চিম শেওড়াপাড়া (৩য় তলা), রোকেয়া স্মরণী, মিরপুর, ঢাকা

(৭) শেখ সাদী খান, সংগীত পরিচালক, ১৭/ডি, সেন্ট্রাল বাসাবো (৪র্থ তলা), ঢাকা-১২১৪।

(৮) জনাব এম এ আলমগীর, অভিনেতা, ড্রীম, ২/৪, ব্লক-এ, মোহাম্মদপুর হাউজিং, মিরপুর রোড, ঢাকা।

(৯) মিজ সুবর্ণা মুস্তাফা, অভিনেত্রী, হাউজ নং-৩, রোড নং-৩/এ, ফ্ল্যাট নং ১ ও ২, সেক্টর ৫, উত্তরা, ঢাকা।

(১০) জনাব রফিকুল আলম, কণ্ঠশিল্পী, ২/১৪০১, ইষ্টার্ণ উলানিয়া, ২নং সেগুন বাগিচা, ঢাকা।

(১১) জনাব কেরামত মওলা, শিল্প নির্দেশক, ৮/ই/২, বেইলী হাইট, ২নং নওরতন কলোনী, নিউ বেইলী রোড, ঢাকা।

(১২) জনাব আব্দুর রহমান, সাংবাদিক ও সভাপতি, বাংলাদেশ চলচ্চিত্র সাংবাদিক সমিতি, চ্যানেল আই, ৪০. শহীদ তাজউদ্দিন আহমেদ স্মরনী, তেজগাঁও, ঢাকা।

**সদস্য-সচিব**

(১৩) ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড।

তথ্য মন্ত্রণালয়ের ১২-১০-২০১৪ তারিখের ১৫.০০.০০০০. ০২৭.২৩.০১৫.১৪-৫৫৫ নং প্রজ্ঞাপনে উল্লিখিত জুরি বোর্ডের কার্যপরিধি, ক্ষেত্রসমূহ ও শর্ত অপরিবর্তিত থাকবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জি. এন. নজমুল হোসেন খান**
উপসচিব (চলচ্চিত্র)।

---

## নৌ-পরিবহন মন্ত্রণালয়
## জাহাজ অধিশাখা

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২ ডিসেম্বর ২০১৪

**নং ১৮.০১৯.০০৬.০০.০০.০০৪.২০১৩-৭১৮**—বাংলাদেশ মেরি-টাইম সেক্টরের জন্য সরকারের নীতি প্রণয়ন ও সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়াকে আরো গতিশীল ও যুগোপযোগী করার ক্ষেত্রে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের জন্য সূত্রোল্লিখিত পত্রে গঠিত কমিটিতে Merchant Shipping Ordinance-1983 (MSO) এর ২৩৭ ধারা অনুযায়ী নিম্নবর্ণিত ০৬(ছয়) জন সদস্য-কে নির্দেশক্রমে অন্তর্ভুক্ত (কো-অপ্ট) করা হলো :

(১) সভাপতি, বাংলাদেশ ওশান গোয়িং শিপ ওনার্স এসোসিয়েশন।

(২) চেয়ারম্যান, শিপিং এজেন্ট এসোসিয়েশন।

(৩) সভাপতি, কোস্টাল শিপ ওনার্স এসোসিয়েশন অব বাংলাদেশ।

(৪) সভাপতি, বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স এসোসিয়েশন।

(৫) সভাপতি, বাংলাদেশ সীফেয়ারার্স ইউনিয়ন।

(৬) সভাপতি, বাংলাদেশ সী-ম্যানস এসোসিয়েশন।

**মোঃ মনোয়ার হোসেন**
উপসচিব।

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১০ পৌষ ১৪২১/২৪ ডিসেম্বর ২০১৪

**নং প্রম/নিয়োগ/বিএএসবি/২০০৮/ডি-৫/২৩৩**—সরকার প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ডের প্রতিরক্ষা খাত থেকে বেতন প্রাপ্ত ২য় শ্রেণীর কর্মকর্তাদের নিয়োগ বিবেচনার উদ্দেশ্যে নিম্নরূপভাবে বিভাগীয় নিয়োগ কমিটি গঠন করলেন :

**সভাপতি**

(১) যুগ্ম-সচিব (পূঃউঃ), প্রতিরক্ষা মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি

(৩) অর্থ মন্ত্রণালয়ের উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি

(৪) বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ডের একজন উপযুক্ত প্রতিনিধি

(৫) বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের উপপরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি

**বিশেষজ্ঞ সদস্য**

(৬) সিনিয়র সহকারী সচিব, ডি-৫ শাখা, প্রতিরক্ষা মন্ত্রণালয়

**সদস্য-সচিব**

(৭) উপসচিব, ডি-১৩ অধিশাখা, প্রতিরক্ষা মন্ত্রণালয়

**কমিটির কার্যপরিধি :**

(ক) সংশ্লিষ্ট নিয়োগ বিধির শর্তপূরণ সাপেক্ষে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বিএএসবি/ডিএএসবি-এর ২য় শ্রেণীর পদে এডহক ভিত্তিকে সরাসরি নিয়োগ প্রদানের জন্য প্রার্থী বাছাই কার্যক্রম ও সুপারিশ প্রদান;

(খ) সংশ্লিষ্ট নিয়োগ বিধির শর্তপূরণ সাপেক্ষে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বিএএসবি/ডিএএসবি-এর বাংলাদেশ কর্ম কমিশনের আওতা বহির্ভূত ২য় শ্রেণীর পদে সরাসরি নিয়োগ প্রদানের জন্য প্রার্থী বাছাই কার্যক্রম ও সুপারিশ প্রদান।

**ইকবাল মাহমুদ**
সিনিয়র সহকারী সচিব।

---

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**

**অফিস আদেশাবলী**

তারিখ, ০৪ অগ্রহায়ণ ১৪২১/১৮ নভেম্বর ২০১৪

**নং ৩৯.০০.০০০০.০১৮.১১.০০৬.১৪-১৪**—বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এর ৭ ধারা অনুসারে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৮ নভেম্বর ২০১৪ তারিখের ০৫.১৩২.০১৯.০০.০০. ০৫০.২০১৪-১০৩১ নং প্রজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে প্রফেসর ডাঃ সাহানা আফরোজ-কে অন্যান্য সকল প্রতিষ্ঠান ও সংগঠনের সংগে কর্ম সম্পর্ক পরিত্যাগের শর্তে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সদস্য পদে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হলো। তিনি নিয়োগের তারিখ থেকে পরবর্তী ৩(তিন) বৎসর মেয়াদে উক্ত পদে দায়িত্ব পালন করবেন।

২। এ নিয়োগের শর্তাবলী অনুমোদিত চুক্তিপত্র দ্বারা নির্ধারিত হবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৩৯.০০.০০০০.০১৮.১১.০০৬.১৪-১৫**—বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এর ৭ ধারা অনুসারে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৮ নভেম্বর ২০১৪ তারিখের ০৫.১৩২.০১৯.০০.০০. ০৫০.২০১৪-১০৩১ নং প্রজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে জনাব মোঃ শওকত আলী-কে অন্যান্য সকল প্রতিষ্ঠান ও সংগঠনের সংগে কর্ম সম্পর্ক পরিত্যাগের শর্তে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সদস্য পদে চুক্তি ভিত্তিক নিয়োগ প্রদান করা হলো। তিনি নিয়োগের তারিখ থেকে পরবর্তী ৩(তিন) বৎসর মেয়াদে উক্ত পদে দায়িত্ব পালন করবেন।

২। এ নিয়োগের শর্তাবলী অনুমোদিত চুক্তিপত্র দ্বারা নির্ধারিত হবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খোন্দকার মোঃ আসাদুজ্জামান**
সচিব।

---

**বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**

**বিদ্যুৎ বিভাগ**

**পরিকল্পনা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৭ নভেম্বর ২০১৪

**নং ২৭.০৮২.০২৪.০০.০০.০০৭.২০১৪-২১২**—জাইকার সহায়তায় "Data Collection Survey on Electricity Interconnectivity among Neighboring Countries" এর জন্য স্টিয়ারিং কমিটি গঠন ও কার্যপরিধি নিম্নরূপ ঃ

**(ক) স্টিয়ারিং কমিটির গঠন ঃ**

**চেয়ারম্যান**

(১) সচিব/অতিরিক্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বিজ্বাখস মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(২) অতিরিক্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বিজ্বাখস মন্ত্রণালয়।

(৩) যুগ্ম-সচিব (উন্নয়ন), বিদ্যুৎ বিভাগ, বিজ্বাখস মন্ত্রণালয়।

(৪) প্রতিনিধি, অর্থনৈতিক সম্পক বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

(৫) প্রতিনিধি, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বিজ্বাখস মন্ত্রণালয়।

(৬) প্রতিনিধি, পররাষ্ট্র মন্ত্রণালয় ।

(৭) চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ।

(৮) ব্যবস্থাপনা পরিচালক, পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ।

**সদস্য সচিব**

(৯) মহা-পরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ বিভাগ, বিজ্বাখস মন্ত্রণালয়।

**সদস্য**

(১০) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ন্যাশনাল লোড ডেসপাচ সেন্টার এনএলডিসি, পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ।

**(খ) স্টিয়ারিং কমিটির কার্যপরিধি ঃ**

(১) সার্ভে টীমের ডাটা কালেকশনের সার্বিক কাজের তদারকী;

(২) সার্ভে টীমের কর্ম পরিকল্পনায় দিক নির্দেশনা প্রদান;

(৩) সার্ভে টীমের প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদনের সুপারিশ প্রদান;

(৪) সার্ভে টীমের কাজে কোন জটিলতার উদ্ভব হলে সে বিষয়ে সমাধানের সুপারিশ/সিদ্ধান্ত প্রদান;

(৫) ডাটা কালেকশন সার্ভের অন্তবর্তীকালীন ও চূড়ান্ত প্রতিবেদন অনুমোদনের সুপারিশ/সিদ্ধান্ত প্রদান।

২। কমিটি প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শফিকুল ইসলাম**
সহকারী প্রধান।

---

**বেসরকারিকরণ ও বিরাষ্ট্রীয়করণ শাখা**

**বস্ত্র ও পাট মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১০ ডিসেম্বর ২০১৪

**নং ২৪.০০.০০০০.২০২.০৬.০১১.১৪-৩৭০**—মাননীয় প্রধানমন্ত্রীর পরিদর্শনকালীন নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে ৩০-১১-২০১৪ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী নিম্নলিখিত কর্মকর্তার সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো :

**আহবায়ক**

যুগ্ম-সচিব (বস্ত্র)

**সদস্যবৃন্দ**

পরিচালক, বিজেএমসি, ঢাকা

পরিচালক, বিটিএমসি, ঢাকা

উপ-সচিব (বেবি), বস্ত্র ও পাট মন্ত্রণালয়

**সদস্য সচিব**

উপ-সচিব (বস্ত্র), বস্ত্র ও পাট মন্ত্রণালয়

**২। কার্যপরিধি :**

(ক) যে সকল শিল্প প্রতিষ্ঠান বেসরকারিকরণ করা হয়েছিল, শর্ত লংঘিত হলে তা সরকারি ব্যবস্থাপনায় ফিরিয়ে আনার জন্য মিলগুলির প্রকৃত অবস্থা উল্লেখপূর্বক প্রয়োজনীয় সকল তথ্যাদি অন্তর্ভুক্ত করে কমিটি একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল করবে;

(খ) শ্রমিক কর্মচারীদের নিকট যে সকল মিলের ব্যবস্থাপনা হস্তান্তর করা হয়েছিল, সে সকল মিল সঠিকভাবে পরিচালনা না হলে এতদবিষয়ে প্রকৃত অবস্থা উল্লেখপূর্বক প্রয়োজনীয় সকল তথ্যাদি অন্তর্ভুক্ত করে কমিটি পূর্ণাংগ প্রতিবেদন দাখিল করবে।

৩। কমিটি আগামী ৩০-১২-২০১৪ তারিখের মধ্যে তাদের প্রতিবেদন দাখিল করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আলাউদ্দিন পাটওয়ারী**
সহকারী সচিব।

**ভূমি মন্ত্রণালয়**

**জরিপ শাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ১০ অগ্রহায়ণ ১৪২১/২৪ নভেম্বর ২০১৪

**নং ৩১.০৩৬.০৩৩.০০.০০.১৫৫.২০১০-৩০৫**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এ মর্মে ঘোষণা করা হচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭ উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

| ক্রমিক নং | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১) | পক্ষীয়া | ৭৯ | গলাচিপা | পটুয়াখালী |
| (২) | আশাবাড়িয়া | ১০১ | গলাচিপা | পটুয়াখালী |
| (৩) | কনকনি পাড়া | ১০২ | গলাচিপা | পটুয়াখালী |
| (৪) | চর তোজাম্মল | ১২৩ | গলাচিপা | পটুয়াখালী |
| (৫) | হরিদ্রাখালী | ১২৮ | গলাচিপা | পটুয়াখালী |
| (৬) | উত্তর চর বিশ্বাস | ১৪২ | গলাচিপা | পটুয়াখালী |
| (৭) | দক্ষিণ চর বিশ্বাস | ১৪৫ | গলাচিপা | পটুয়াখালী |
| (৮) | খাজুরা | ৫৬ | কলাপাড়া | পটুয়াখালী |
| (৯) | বাওয়াল কর | ০৩ | বরগুনা সদর | বরগুনা |
| (১০) | কুমরা খালী | ০৬ | বরগুনা সদর | বরগুনা |
| (১১) | চর কাগচিড়া | ৪০ | পাথরঘাটা | বরগুনা |
| (১২) | আলোকবালী | ৫৯ | নরসিংদী সদর | নরসিংদী |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শিব্বির আহমদ উছমানী**
সহকারী সচিব।

---

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ, ১৬ অগ্রহায়ণ ১৪২১/৩০ নভেম্বর ২০১৪

**নং ৩১.০৩৬.০৩৩.০০.০০.০১৫৮.২০১০-৩১১**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এ মর্মে ঘোষণা করা হচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

| ক্রমিক নং | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | মাগুরা | ১৪২ | শিবগঞ্জ | বগুড়া |
| (২) | বৈকুন্ঠপুর | ১৯৩ | শিবগঞ্জ | বগুড়া |
| (৩) | আমসাট্ট | ৯১ | দুপচাঁচিয়া | বগুড়া |
| (৪) | দুব্রা | ১০৮ | দুপচাঁচিয়া | বগুড়া |
| (৫) | সুজানেরপাড়া | ৭ | সারিয়াকান্দি | বগুড়া |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৬) | কামারচট্ট | ২৭ | গাবতলী | বগুড়া |
| (৭) | পচাকাথুলী | ৬১ | গাবতলী | বগুড়া |
| (৮) | ভান্ডারপাইকা | ৩২ | বগুড়া সদর | বগুড়া |
| (৯) | হটিয়ারপাড়া | ১৪ | ধুনট | বগুড়া |
| (১০) | বাজেয়াপ্তী এলঙ্গী | ৪০ | ধুনট | বগুড়া |
| (১১) | চাকরান আধখোলা | ১৯৯ | নন্দীগ্রাম | বগুড়া |
| (১২) | চন্ডীপুর | ২৩০ | নন্দীগ্রাম | বগুড়া |
| (১৩) | পন্ডিতপুর | ৭৮ | জয়পুরহাট সদর | জয়পুরহাট |
| (১৪) | কোচনাপুর | ৮২ | জয়পুরহাট সদর | জয়পুরহাট |
| (১৫) | চক জগদীশপুর | ১৫৭ | জয়পুরহাট সদর | জয়পুরহাট |
| (১৬) | পূর্ব্ব দুর্গাপুর | ৯০ | কালাই | জয়পুরহাট |
| (১৭) | মাটীহাস | ৪১ | ক্ষেতলাল | জয়পুরহাট |
| (১৮) | শঙ্করবাগ | ৪২ | ক্ষেতলাল | জয়পুরহাট |

তারিখ, ২৬ অগ্রহায়ণ ১৪২১/১০ ডিসেম্বর ২০১৪

**নং ৩১.০৩৬.০৩৩.০০.০০.১১২.২০১০-৩২৪**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এ মর্মে ঘোষণা করা হচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি সংশোধিত আকারে চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

| ক্রমিক নং | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | হুগলি | ১৩ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (২) | চন্দ্র বল্লভ | ২১ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (৩) | ফরিদাবাদ | ২২ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (৪) | পশ্চিম দেবীপুর | ৩৮ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (৫) | নয়ানপুর | ৪১ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (৬) | রতনপুর | ৪৭ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (৭) | পশ্চিম রামচন্দ্রপুর | ৫০ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (৮) | পশ্চিম নরোত্তমপুর | ৫৭ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (৯) | উত্তর নারায়ণপুর | ৯০ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (১০) | ছোট রামদেবপুর | ১০৮ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (১১) | মালিয়ারটেক | ১৩০ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (১২) | আজিজুল্লাপুর | ১৩১ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (১৩) | পশ্চিম নূরপুর | ১৩৩ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (১৪) | দৌলৎপুর | ১৫৭ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (১৫) | পূর্ব্ব করিমপুর | ১৫৮ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (১৬) | ন্যামতপুর | ১৫৯ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (১৭) | পূর্ব্ব বাহাদুরপুর | ১৬৩ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (১৮) | খোদা দাদপুর | ১৬৫ | নোয়াখালী সদর | নোয়াখালী |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১৯) | দক্ষিণ নিরঞ্জনপুর | ১৮০ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (২০) | গঙ্গাপুর | ১৮১ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (২১) | উত্তর নিরঞ্জনপুর | ১৮২ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (২২) | ফলাহারী | ১৮৫ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (২৩) | নুর সোনাপুর | ১৮৯ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (২৪) | আশ্রবপুর | ২০০ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (২৫) | চন্দ্র সুদ্দি | ২০৬ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (২৬) | উত্তমপুর | ২১২ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (২৭) | উত্তমপুর লামছি | ২১৩ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (২৮) | মির্জাপুর | ২১৬ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (২৯) | ইন্দ্রপুর | ২১৭ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (৩০) | শুক্লামদ্দি | ২২০ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (৩১) | রামপুর | ২২১ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (৩২) | নারায়ণভট্ট | ৬১ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৩৩) | আয়ুবপুর | ১০৫ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৩৪) | টঙ্গিরপাড় | ১৮০ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৩৫) | দুর্ল্লভপুর | ২০৭ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৩৬) | পুরস্কর | ৪৩ | সেনবাগ | নোয়াখালী |
| (৩৭) | কাদ্‌রা | ৫৮ | সেনবাগ | নোয়াখালী |
| (৩৮) | খোন্দকারপুর | ০১ | লক্ষীপুর সদর | লক্ষীপুর |
| (৩৯) | হাসনদী | ০৮ | লক্ষীপুর সদর | লক্ষীপুর |
| (৪০) | মিরিকপুর | ৩০ | লক্ষীপুর সদর | লক্ষীপুর |
| (৪১) | পার্বতীনগর | ৩৭ | লক্ষীপুর সদর | লক্ষীপুর |
| (৪২) | দক্ষিণ চৌপল্লী | ১৪৬ | লক্ষীপুর সদর | লক্ষীপুর |
| (৪৩) | মহেশখিল | ১৪৭ | লক্ষীপুর সদর | লক্ষীপুর |
| (৪৪) | দক্ষিণ কালিদাসবাগ | ১২৬ | লক্ষীপুর সদর | লক্ষীপুর |
| (৪৫) | বরমপুর | ১৫৫ | লক্ষীপুর সদর | লক্ষীপুর |
| (৪৬) | চর কাক্‌রা | ০৩ | রামগতি | লক্ষীপুর |
| (৪৭) | উত্তর চর কালকিনি | ০৪ | রামগতি | লক্ষীপুর |
| (৪৮) | উত্তর চর লরেন্স | ০৯ | রামগতি | লক্ষীপুর |
| (৪৯) | দক্ষিণ চর কালকিনি | ১২ | রামগতি | লক্ষীপুর |
| (৫০) | চর সেভেজ | ৩১ | রামগতি | লক্ষীপুর |
| (৫১) | চর দরবেশ | ৬০ | রামগতি | লক্ষীপুর |
| (৫২) | নাগরাজারামপুর | ১৯ | রামগঞ্জ | লক্ষীপুর |
| (৫৩) | নয়নপুর | ৩১ | রামগঞ্জ | লক্ষীপুর |
| (৫৪) | চন্ডিপুর | ৫২ | রামগঞ্জ | লক্ষীপুর |
| (৫৫) | দাসপাড়া | ৬২ | রামগঞ্জ | লক্ষীপুর |
| (৫৬) | কাজিরখিল | ৬৭ | রামগঞ্জ | লক্ষীপুর |
| (৫৭) | দক্ষিণ গুত্মা | ২০ | ফুলগাজী | ফেনী |
| (৫৮) | বাউর পাথর | ২২ | পরশুরাম | ফেনী |

**মোঃ শিব্বির আহমদ উছমানী**
সহকারী সচিব।

**অধিগ্রহণ শাখা-২**

**এল, এ কেস নং ২০৪/(বি)৭৭-৭৮**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ০৭ ডিসেম্বর ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৪৪.১৪-৩৭৪**—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরি) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ০৬-০৪-১৯৭৮ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে।

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫(৫) ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

সেহেতু, উক্ত আইনের ৫(৭) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুমদখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

**তফসিল**

জেলা ঝালকাঠি, উপজেলা নলছিটি, মৌজা ৩১ ঈশ্বরকাটি।

| খতিয়ান নং | দাগ নং পূর্ণ/আংশিক | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর/শতাংশ) |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ৪২ | ৭০৪ পূর্ণ | ০.৩৩ |
| ১৫, ১৯৮ | ৭০৮ আংশিক | ০.০৬ |
| ১৫, ১৯৮ | ৭০৯ ,, | ০.৯৪ |
| ১১, ৫৫ | ৬৩৯ ,, | ০.০১ |
| | সর্বমোট জমির পরিমাণ=১.৩৪ একর | |

ভূমির নকশা (এল,এ, প্লান) জেলা প্রশাসক, ঝালকাঠি এর কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল ইসলাম**
যুগ্ম সচিব।

---

**এল, এ কেস নং ১৮৮/(বি)৭৭-৭৮**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ০৭ ডিসেম্বর ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৪৪.১৪-৩৭৫**—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরি) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ২৮-০৩-১৯৮০ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে।

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫(৫) ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

সেহেতু, উক্ত আইনের ৫(৭) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুমদখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

**তফসিল**

জেলা ঝালকাঠি, উপজেলা নলছিটি, মৌজা ২৩নং ছোট প্রমহর।

| খতিয়ান নং | দাগ নং পূর্ণ/আংশিক | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর/শতাংশ) |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১৪০, ২১৬, ২১৭ | ৩৩৩ আংশিক | ০.০২ |
| ৫৪, ৮৮, ১৩৪, ১৬৬ | ৩৩৪ ,, | ০.০৪ |
| ৪০ | ৭০০ ,, | ০.০১ |
| ২ | ৭১০ ,, | ০.০১ |
| ১৩৬ | ৭১১ ,, | ০.০৩ |
| ২০৬ | ৭১২ ,, | ০.০৫ |
| ৫৩ | ৬৯৮ ,, | ০.০৩ |
| ২৯২ | ৬৯৯ ,, | ০.০২ |
| | সর্বমোট জমির পরিমাণ=০.২১ একর | |

ভূমির নকশা (এল, এ, প্লান) জেলা প্রশাসক, ঝালকাঠি এর কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল ইসলাম**
যুগ্ম সচিব।

---

**এল, এ কেস নং ১১৩/(বি)৭৭-৭৮**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ০৭ ডিসেম্বর ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৪৪.১৪-৩৭৬**—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরি) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ১৩-০৩-১৯৭৮ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে।

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫(৫) ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

সেহেতু, উক্ত আইনের ৫(৭) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুমদখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

**তফসিল**

জেলা ঝালকাঠি, উপজেলা নলছিটি, মৌজা ১২৮নং তিমিরকাঠি।

| খতিয়ান নং | দাগ নং পূর্ণ/আংশিক | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর/শতাংশ) |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ৪৩০, ৪৩১ | ১৫৩০ আংশিক | ০.০৪ |
| ৮০০ | ১৫৩৩ ,, | ০.১৮ |

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| ৯১৭ | ১৫৩৪ আংশিক | ০.০৩ |
| ৪৬৪, ৪৬৭, ৮২৩ | ১৫৩৫ পূর্ণ | ০.১৩ |
| ৭৮৬ | ১৫৩৬ ,, | ০.১১ |
| ৭৮৬ | ১৫৩৭ ,, | ০.০৬ |
| ৭৯০ | ১৫৩৮ ,, | ০.৩৯ |
| ৮২৭ | ১৫৩৯ ,, | ০.৫৬ |
| ৫৬৩, ৫৬৪ | ১৫৪০ আংশিক | ০.১০ |
| ৪৯২ | ১৫৫১ ,, | ০.০৯ |
| ৪৩০ | ১৫৫৩ ,, | ০.০১ |
| | সর্বমোট জমির পরিমাণ=১.৭০ একর | |

ভূমির নকশা (এল, এ, প্লান) জেলা প্রশাসক, ঝালকাঠি এর কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল ইসলাম**
যুগ্ম সচিব।

---

**এল, এ কেস নং ৭৫/(বি)৭৭-৭৮**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ০৭ ডিসেম্বর ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৪৪.১৪-৩৭৭**—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরি) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ২৭-০২-১৯৭৮ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে; এবং

যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫(৫) ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

সেহেতু, উক্ত আইনের ৫(৭) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুমদখলকৃত সম্পত্তি/ সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

**তফসিল**

জেলা ঝালকাঠি, উপজেলা নলছিটি, মৌজা ১১২নং ফুলহরি।

| খতিয়ান নং | দাগ নং পূর্ণ/ আংশিক | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর/শতাংশ) |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ২৮৪, ২৮৫ | ২৬০ আংশিক | ০.২৩ |
| ২১ | ২৬২ ,, | ০.১৮ |
| ২৮৪, ২৮৫ | ২৬৩ পূর্ণ | ০.৫০ |
| ১৭ | ২৬৪ আংশিক | ০.১৭ |
| ৩৯ | ২৬৫ ,, | ০.২৭ |
| | সর্বমোট জমির পরিমাণ=১.৩৫একর | |

ভূমির নকশা (এল, এ, প্লান) জেলা প্রশাসক, ঝালকাঠি এর কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল ইসলাম**
যুগ্ম সচিব।

---

**এল, এ কেস নং ৬৪/(বি)৭৭-৭৮**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ০৭ ডিসেম্বর ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৪৪.১৪-৩৭৮**—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরি) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ২৪-০৭-১৯৭৯ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে; এবং

যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫(৫) ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

সেহেতু, উক্ত আইনের ৫(৭) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুমদখলকৃত সম্পত্তি/ সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

**তফসিল**

জেলা ঝালকাঠি, উপজেলা নলছিটি, মৌজা ১০৬নং কুশঙ্গল।

| খতিয়ান নং | দাগ নং পূর্ণ/আংশিক | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর/শতাংশ) |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ২৮৮ | ১২৮ আংশিক | ০.০৮ |
| ৪১ | ১২৯ ,, | ০.১০ |
| ৩৫৮ | ১৩০ ,, | ০.০৬ |
| ৩৬০ | ১৩৪ ,, | ০.০৫ |
| ৪৪ | ১৩৭ ,, | ০.০৬ |
| | সর্বমোট জমির পরিমাণ=০.৩৫ একর | |

ভূমির নকশা (এল, এ, প্লান) জেলা প্রশাসক, ঝালকাঠি এর কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল ইসলাম**
যুগ্ম সচিব।

---

**এল, এ কেস নং ৬৬/(বি)৭৭-৭৮**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ০৭ ডিসেম্বর ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৪৪.১৪-৩৭৯**—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরি) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ০৩-১০-১৯৭৮ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে; এবং

যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫(৫) ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

সেহেতু, উক্ত আইনের ৫(৭) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুমদখলকৃত সম্পত্তি/ সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

**তফসিল**

জেলা ঝালকাঠি, উপজেলা নলছিটি, মৌজা ১০৮নং ভাউমহল।

| খতিয়ান নং | দাগ নং পূর্ণ/আংশিক | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর/শতাংশ) |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১৮৯ | ১২০ আংশিক | ০.০৪ |
| ২৫৬, ৩৪২ | ১৫৭ ,, | ০.০৬ |
| ১৪, ১৯০ | ১৫৮ ,, | ০.০১ |
| ২৪, ২৫, ১৩৯ | ১৬১ ,, | ০.১৫ |
| ১৯১, ৩২২ | ১৬২ আংশিক | ০.১৩ |
| ১৫, ৩৩৯ | ২০১ ,, | ০.১৭ |
| ৫৫, ৫৬, ২৪৭, ৩৫১ | ২০২ ,, | ০.০৫ |
| ৫৫, ৫৬, ২৪৭, ৩৫১ | ২০৩ ,, | ০.০৬ |
| ৫৫, ৫৬, ২৪৭, ৩৫১ | ২০৪ ,, | ০.১০ |
| ১, ২৮০ | ২০৫ ,, | ০.২৮ |
| সর্বমোট জমির পরিমাণ=১.০৫ একর | | |

ভূমির নকশা (এল, এ, প্লান) জেলা প্রশাসক, ঝালকাঠি এর কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল ইসলাম**
যুগ্ম সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**অধিশাখা-২(মাঠ প্রশাসন)**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ, ২৪ নভেম্বর ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৬.১৫.০২৩.১২-৮১৪**—নির্দেশিত হয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৫-৩-২০১৪ তারিখের ০৫.১৫৬.০১৫.০৩.০০. ০২৭.১৯৯৮ (অংশ-১)-৬১ নং স্মারকে এবং অর্থ বিভাগের, অর্থ মন্ত্রণালয়ের ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-২ এর ১৮-৯-২০১৪ তারিখের অম/অবি/ব্যনি-২/ভূমি-৯/ ৯৮(অংশ-১)/২২৭ নং স্মারকে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে ভূমি সংস্কার বোর্ডের নিম্নবর্ণিত ৪৯(উনপঞ্চাশ)টি কর্মকর্তা/কর্মচারীর পদের মেয়াদ ১-৬-২০১৩ হতে ৩১-৫-২০১৪ তারিখ পর্যন্ত নিয়মিতভাবে সংরক্ষণের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছিঃ

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী |
|---|---|---|---|
| (১) | চেয়ারম্যান | ০১টি | ৪০,০০০/- |
| (২) | সদস্য | ০২টি | ৩৩৫০০—৩৯৫০০/- |
| (৩) | উপ-ভূমি সংস্কার কমিশনার | ০৩টি | ২৫৭৫০—৩৩৭৫০/- |
| (৪) | সহকারী ভূমি সংস্কার কমিশনার | ০৬টি | ১১০০০—২০৩৭০/- |
| (৫) | চেয়ারম্যানের একান্ত সচিব | ০১টি | ১১০০০—২০৩৭০/- |
| (৬) | হিসাব রক্ষণ কর্মকর্তা | ০১টি | ১১০০০—২০৩৭০/- |
| (৭) | উচ্চমান সহকারী | ০৩টি | ৫৫০০—১২০৯৫/- |
| (৮) | সাঁট-লিপিকার | ০৬টি | ৫৫০০—১২০৯৫/- |
| (৯) | হিসাব রক্ষক | ০১টি | ৫৫০০—১২০৯৫/- |
| (১০) | রেকর্ড কিপার | ০৫টি | ৪৭০০—৯৭৪৫/- |
| (১১) | ড্রাইভার | ০৬টি | ৪৭০০—৯৭৪৫/- |
| (১২) | ক্যাশ সরকার | ০১টি | ৪৪০০—৮৫৮০/- |
| (১৩) | ডেসপাস রাইডার | ০১টি | ৪৪০০—৮৫৮০/- |
| (১৪) | অফিস সহায়ক | ০৮টি | ৪১০০—৭৭৪০/- |
| (১৫) | পত্র বাহক | ০১টি | ৪১০০—৭৭৪০/- |
| (১৬) | নিরাপত্তা প্রহরী | ০২টি | ৪১০০—৭৭৪০/- |
| (১৭) | পরিচ্ছন্ন কর্মী | ০১টি | ৪১০০—৭৭৪০/- |
| | মোট= | ৪৯(উনপঞ্চাশ)টি | |

২। ইহাতে ভূমি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর সদয় সম্মতি রয়েছে।

৩। ভূমি সংস্কার বোর্ডের উপরোক্ত ৪৯টি পদের ব্যয় ২০১৪-২০১৫ অর্থ বছরের বাজেটে ৪৬-ভূমি মন্ত্রণালয়-৪৬০৭/৪৫০১/৪৬০১/ ৪৭০০ ভূমি সংস্কার বোর্ডের কোড হতে মিটানো হবে।

৪। সকল আনুষ্ঠানিকতা পালনপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জি,ও জারি করা হলো।

তারিখ, ৭ ডিসেম্বর ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৬.১৫.০৫৩.১২-৮৪৩**—নির্দেশিত হয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ৫-১-২০১২ তারিখের ০৪.২১২.০০৬.০১.০০. ০০১.২০১১-৮(১) নং প্রজ্ঞাপনে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)-এর ১০৬তম সভার সিদ্ধান্ত মোতাবেক জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৭-৫-২০১২ তারিখের ০৫.১৫৬.০১৫.০৩.০০.০০১.২০১২-৭৫নং স্মারকে, অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-২ এর ২২-১-২০১৪ তারিখের অম/অবি/ব্যনি-২/ভূমি-০১/অংশ-১/২০১২/১৭ নং স্মারকে ও অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন শাখা-১ এর ২৩-৬-২০১৪ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৩১.০০৬.১২-১৩৭ নং স্মারকে এবং মন্ত্রিপরিষদ বিভাগের ২৫-৯-২০১৪ তারিখের ০৪.০০.০০০০.২১১.০৬.০৩০.১৪-৩৯০ স্মারকে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ২৩ সেপ্টেম্বর, ২০১৪/০৮ আশ্বিন ১৪২১ তারিখের ২৩শ সভার সিদ্ধান্ত অনুযায়ি ভূমি মন্ত্রণালয়ের অধীন বরগুনা জেলার তালতলী উপজেলা ভূমি অফিসের আউটসোর্সিংসহ ১০ ক্যাটাগরীর ১১ (এগার)টি সহায়ক পদ সৃজনের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছিঃ

| ক্রমিক নং | পদের নাম ও সংখ্যা | প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত বেতনস্কেল, ২০০৯ | বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক সুপারিশকৃত বেতনস্কেল, ২০০৯ | বেতন নির্ধারণের শর্ত/ভিত্তি |
|---|---|---|---|---|
| (১) | কানুনগো ০১টি | ৮০০০—১৬৫৪০/- | ৮০০০-১৬৫৪০/- (১০ম গ্রেড) | **নিয়োগ যোগ্যতাঃ** অর্থ বিভাগের ১৪-০১-২০১০ তারিখের অম/অবি(বাস্ত-১)/ভূমি-১৮/২০০৬/১৪ নং স্মারকের শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| (২) | সার্ভেয়ার ০১টি | ৫২০০—১১২৩৫/- | ৫২০০-১১২৩৫/- (১৪নং গ্রেড) | **নিয়োগ যোগ্যতাঃ** ভূমি হুকুম দখল অফিসের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯০ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| (৩) | হেড এসিসটেন্ট কাম-একাউন্টেট-০১টি | ৫২০০—১১২৩৫/- | ৪৭০০-৯৭৪৫/- (১৬নং গ্রেড) | **নিয়োগ যোগ্যতাঃ** The Recruiment Rules for the Upazila Revenue Officers and Staff (Management Side) Rules, 1985 অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| (৪) | নাজির-কাম-ক্যাশিয়ার ০১টি | ৪৭০০—৯৭৪৫/- | ৪৭০০-৯৭৪৫/- (১৬নং গ্রেড) | |
| (৫) | সার্টিফিকেট পেশকার ০১টি | ৪৭০০—৯৭৪৫/- | ৪৭০০-৯৭৪৫/- (১৬নং গ্রেড) | |
| (৬) | সার্টিফিকেট সহকারী ০১টি | ৪৭০০—৯৭৪৫/- | ৪৭০০-৯৭৪৫/- (১৬নং গ্রেড) | |
| (৭) | ক্রেডিট চেকিং কাম-সায়রাত সহকারী-০১টি | ৪৭০০—৯৭৪৫/- | ৪৭০০-৯৭৪৫/- (১৬নং গ্রেড) | |
| (৮) | প্রসেস সার্ভার ০১টি | ৪২৫০—৭৭৪০/- | টাঃ ৭৯০০ (সাকুল্যে) | আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী পদ পূরণের শর্তে ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য। |
| | | | টাঃ ৭৬০০ (সাকুল্যে) | আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী পদ পূরণের শর্তে চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল এর মেট্রোপলিটন এলাকা এবং নারায়ণগঞ্জ, টঙ্গী পৌর এলাকার জন্য। |
| | | | টাঃ ৭৩৫০ (সাকুল্যে) | আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী পদ পূরণের শর্তে অন্যান্য এলাকার জন্য। |

| ক্রমিক নং | পদের নাম ও সংখ্যা | প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত বেতনস্কেল, ২০০৯ | বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক সুপারিশকৃত বেতনস্কেল, ২০০৯ | বেতন নির্ধারণের শর্ত/ভিত্তি |
|---|---|---|---|---|
| (৯) | অফিস সহায়ক ০২টি | ৪১০০-৭৭৪০/- | টাঃ ৭৭৫০ (সাকুল্যে) | আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী পদ পূরণের শর্তে ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য। |
| | | | টাঃ ৭৪৫০ (সাকুল্যে) | আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী পদ পূরণের শর্তে চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল এর মেট্রোপলিটন এলাকা এবং নারায়ণগঞ্জ, টঙ্গী পৌর এলাকার জন্য। |
| (১০) | চেইনম্যান ০১টি | | টাঃ ৭২০০ (সাকুল্যে) | আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী পদ পূরণের শর্তে অন্যান্য এলাকার জন্য। |

২। ইহাতে ভূমি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর সদয় সম্মতি রয়েছে।

৩। সকল আনুষ্ঠানিকতা পালনপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জি,ও জারি করা হলো।

**এ,টি,এম, মোস্তফা কামাল**
উপসচিব।

---

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**মৎস্য-১ অধিশাখা**

**আদেশ**

তারিখ, ২৪ নভেম্বর ২০১৪

**নং ৩৩.০০.০০০০.১২৬.০১.০৪০.১২-৫৬১**—বেগম ফেরদৌসী আরা ২০তম বিসিএস পরীক্ষায় নিয়োগপ্রাপ্ত হয়ে বিসিএস (মৎস্য) ক্যাডারে ৩১-০৫-২০০১ তারিখে উপজেলা মৎস্য কর্মকর্তা পদে যোগদান করেন। পরবর্তীতে এ মন্ত্রণালয়ে ১১-১১-২০০৮ তারিখের আদেশে তার অনুকূলে থাইল্যান্ডের মাহিদল ইউনিভার্সিটিতে পিএইচডি কোর্স সম্পন্নের জন্য বিগত ০৪-০৬-২০০৭ হতে ০৩-০৬-২০১০ তারিখ পর্যন্ত ৩(তিন) বছরের প্রেষণ মঞ্জুর করা হয়। এ মন্ত্রণালয়ের ১৪-০৭-২০১০ তারিখের আদেশ মোতাবেক ০৪-০৬-২০১০ হতে ০৩-০৬-২০১১ তারিখ পর্যন্ত আরো ১(এক) বছরের জন্য ছুটি মঞ্জুর করা হয়। এ পর্যায়ে তিনি ০৪-০৬-২০১১ তারিখ হতে পরবর্তী ৩(তিন) মাস ছুটি বর্ধিতকরণের জন্য ০৩-০৬-২০১১ তারিখে পুনরায় আবেদন করেন। কিন্তু মন্ত্রণালয় কর্তৃক উক্ত ছুটির আবেদন অনুমোদিত হয়নি। অধ্যয়ন ছুটি শেষে তিনি নির্ধারিত ০৪-০৬-২০১১ তারিখে যোগদান না করে ০১-০৮-২০১১ তারিখে উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা পদে যোগদান করেন। বিগত ০৪-০৯-২০১১ তারিখ হতে কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতিরেকে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিতির কারণে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও ডিজারশনের অভিযোগ আনয়ন করে বিভাগীয় মামলা নং ০২/২০১৩ রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয় এবং ব্যক্তিগত শুনানী চান কিনা, তাও জানাতে বলা হয়;

যেহেতু, উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামার জবাব প্রদান করেননি এবং কোন ব্যক্তিগত শুনানীও প্রার্থনা করেননি। অতঃপর ১৫-৭-২০১৩ তারিখের স্মারক নং-মপ্রাম/ম-১/ব্যক্তিগত-৪০/২০১২/২৯৪ মূলে জনাব মোঃ মুহিবুজ্জামান, সিনিয়র সহকারী সচিব (মৎস্য-২ ও আইন শাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কে বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা বিভাগীয় মামলাটি তদন্ত করে বিগত ১২-৯-২০১৩ তারিখে তাঁর তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং তদন্ত প্রতিবেদনে তদন্ত কর্মকর্তা অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩ এর (বি) এবং (সি) অনুযায়ী অসদাচরণ ও ডিজারশনের অভিযোগ যুক্তিসঙ্গত ও সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত কর্মকর্তার উক্ত তদন্ত প্রতিবেদন ও বিভাগীয় মামলায় সংশ্লিষ্ট সকল কাগজপত্রাদি পর্যালোচনা করে কর্তৃপক্ষ কর্তৃক অভিযুক্ত কর্মকর্তা বেগম ফেরদৌসী আরা কে অসদাচরণ ও ডিজারশনের দায়ে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেননি। এ প্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩ এর (বি) এবং (সি) অনুযায়ী অসদাচরণ ও ডিজারশনের অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩) (ডি) বিধি মোতাবেক গুরুদন্ড হিসেবে সরকারি চাকরি থেকে বরখাস্ত করার উদ্দেশ্যে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়; এবং

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্মকমিশন উক্ত বিভাগীয় মামলার সাথে সংশ্লিষ্ট কাগজপত্র ও রেকর্ড পর্যালোচনা করে বেগম ফেরদৌসী আরা কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৪(৩) (ডি) উপবিধি মোতাবেক রুজুকৃত বিভাগীয় মামলায় চাকরি হতে বরখাস্তকরণের গুরুদন্ড প্রদানে এ মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন একমত পোষণ করে এবং তা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়;

সেহেতু, এক্ষণে বেগম ফেরদৌসী আরা, উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩ এর (বি) এবং (সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'ডিজারশন' এর অপরাধে দোষী সাব্যস্ত করতঃ একই বিধিমালার ৪(৩) (ডি) বিধি মোতাবেক তাঁকে কর্মস্থল ত্যাগের তারিখ হতে অর্থাৎ ০৪-০৬-২০১১ তারিখ হতে সরকারি চাকরি থেকে বরখাস্ত (Dismissal From Service) করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেলীনা আফরোজা,** পিএইচডি
সচিব।

## যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
## ক্রীড়া-১ শাখা
## প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ৩০ নভেম্বর ২০১৪

**নং ৩৪.০০.০০০০.০৭১.০২০.১৩১.২০১১-৬৬২**—জাতীয় ক্রীড়া পরিষদের ১৭-১১-২০১৪ তারিখের এনএসসি/১২০/২০/জেন/৪৪৪৭ নং স্মারকের প্রেক্ষিতে জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ১৯৭৪ (সংশোধনী অধ্যাদেশ-১৯৭৬) এর ২০ ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক জনাব গোলাম কুদ্দুস চৌধুরী কে বাংলাদেশ ভলিবল ফেডারেশন এর সভাপতি পদের দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করা হলো।

**নং ৩৪.০০.০০০০.০৭১.০২০.১৩১.২০১১-৬৬৩**—জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ১৯৭৪ (সংশোধনী অধ্যাদেশ-১৯৭৬) এর ২০ ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক জনাব মোঃ আতিকুল ইসলাম, বিজিএমইএ-এর প্রেসিডেন্ট-কে বাংলাদেশ ভলিবল ফেডারেশনের সভাপতি পদে নিয়োগ প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবুল কালাম আজাদ**
সহকারী সচিব।

---

## সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
## সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
## তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা
## প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ২৩ নভেম্বর ২০১৪/৯ অগ্রহায়ণ ১৪২১

**নং ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৮.১৪-১৯৭**—যেহেতু, আপনি জনাব আহসান উদ্দিন আহমেদ (পরিচিতি নম্বর ৬০১৯৪৪), নির্বাহী প্রকৌশলী (চ:দা:), সিরাজগঞ্জ সড়ক বিভাগ (প্রাক্তন নির্বাহী প্রকৌশলী (চ:দা:), ঢাকা সড়ক বিভাগ), গত ২৪-০৩-২০১৪ তারিখের ৩৫.০০.০০০০.০১৫.২০.০৭৫.১৩(অংশ-৩)-১৬০ সংখ্যক অফিস আদেশ মারফত অর্থনৈতিক কোড নম্বর ৪৯৩৬-পিরিয়ডিক মেইনটেন্যান্স সড়ক ও সেতু (পিএমপি মাইনর) এর কর্মসূচির আওতায় কার্য সম্পাদনের ক্ষেত্রে কার্যাদেশের মেয়াদ দুই অর্থবছর ব্যাপী (২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫) প্রদান করা যাবে না এবং এ নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে কোন কার্যাদেশ প্রদান করা হলে উহার দায়-দায়িত্ব ব্যক্তিগতভাবে কার্যাদেশ প্রদানকারী সংশ্লিষ্ট কর্মকর্তার উপর বর্তাবে মর্মে উল্লেখ থাকা সত্ত্বেও ঢাকা সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলীর দায়িত্বে থাকাকালীন সময়ে ফতুল্লা-মুন্সীগঞ্জ-লৌহজং সড়কের মুক্তারপুর ফেরী এপ্রোচ সড়কের কাজের কার্যসম্পাদন মেয়াদ ০৬(ছয়) মাস নির্ধারণপূর্বক গত ১৭-০৪-২০১৪ তারিখে Notice to Commence জারী করেন; এবং

যেহেতু, আপনি দুই অর্থবছর ব্যাপী (২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫) পিএমপি (মাইনর) খাতে কোন কাজের কার্যাদেশ প্রদান করা যাবে না মর্মে নির্দেশনা থাকা সত্ত্বেও সরকারি আদেশ অমান্য করে গত ১৭-০৪-২০১৪ তারিখ ০৬(ছয়) মাস মেয়াদ নির্ধারণ করে Notice to Commence জারী করে সরকারি আদেশের লঙ্ঘন করেছেন; এবং

যেহেতু, আপনার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২(এফ) এর সংজ্ঞা অনুযায়ী অসদাচরণ হওয়ায় বিভাগীয় মামলা নম্বর ১১/২০১৪ রুজু করা হয়; এবং

যেহেতু, উক্তরূপ কার্যকলাপের জন্য কেন আপনাকে একই বিধিমালার বিধি ৪(৩)(ডি) অনুযায়ী চাকুরি হতে বরখাস্ত (Dismissal From Service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি প্রদান করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। আপনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কি-না অথবা আপনার বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, আপনি গত ১৮-০৯-২০১৪ তারিখে জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করলে গত ২২-১০-২০১৪ তারিখে আপনার শুনানী গ্রহণ করা হয়; এবং

যেহেতু, আপনার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীকালে প্রদত্ত জবানবন্দী ও পারিপার্শ্বিক অবস্থা পর্যালোচনায় প্রতীয়মান হয়েছে যে, আপনার বিরুদ্ধে উত্থাপিত অসদাচরণ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি; এবং

এক্ষণে, সার্বিক বিবেচনায় জনাব আহসান উদ্দিন আহমেদ (পরিচিতি নম্বর ৬০১৯৪৪), নির্বাহী প্রকৌশলী (চ:দা:), সিরাজগঞ্জ সড়ক বিভাগ (প্রাক্তন নির্বাহী প্রকৌশলী (চ:দা:), ঢাকা সড়ক বিভাগ)-কে বিভাগীয় মামলার নম্বর ১১/২০১৪ হতে অব্যাহতি প্রদান করা হল। তবে আপনাকে আরো সতর্কতার সাথে সরকারি দায়িত্ব পালনের নির্দেশ প্রদান করে ভবিষ্যতের জন্য সর্তক করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ২৪ নভেম্বর ২০১৪/১০ অগ্রহায়ণ ১৪২১

**নং ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৮.১৩-১৯৮**—যেহেতু, আপনি জনাব শেখ মোহাম্মদ হাসিবুর রহমান (পরিচিতি নম্বর ৬০১৯১৭), নির্বাহী প্রকৌশলী (সিভিল চ:দা:), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা (প্রাক্তন নির্বাহী প্রকৌশলী (চ:দা:), কুষ্টিয়া সড়ক বিভাগ, কুষ্টিয়া), কুষ্টিয়া সড়ক বিভাগে ১১-০৪-২০১১ তারিখ হতে ৩০-০৫-২০১২ তারিখ পর্যন্ত কর্মরত ছিলেন। মাননীয় যোগাযোগ মন্ত্রী গত ০৭-০৭-২০১২ তারিখ কুষ্টিয়া সড়ক বিভাগ পরিদর্শনকালে বটতৈল-আলমডাঙ্গা আঞ্চলিক মহাসড়কের ১৭.৬৪০ কিলোমিটার সড়ক যান চলাচলের খুবই অনুপযোগী হয়ে জনভোগান্তি সৃষ্টি হয়েছে দেখতে পেয়ে বিষয়টি তদন্তের জন্য নির্দেশনা প্রদান করেন। মাননীয় যোগাযোগ মন্ত্রীর নির্দেশনা অনুযায়ী তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তে প্রতীয়মান হয়েছে যে, আপনি জরুরী পুনর্বাসন প্রকল্পের আওতায় বটতৈল-আলমডাঙ্গা আঞ্চলিক মহাসড়কের ১৭.৬৪০ কিলোমিটার সড়কের মধ্যে ১২.৪৭৪ কিলোমিটার সড়কের কাজ নির্ধারিত সময়ে শুরু ও সমাপ্ত করাতে ব্যর্থ হয়েছেন, যা সরকারি দায়িত্ব পালনে অবহেলার সামিল; এবং

যেহেতু, আপনি উক্ত আঞ্চলিক মহাসড়কের ১৭.৬৪০ কিলোমিটারের মধ্যে ৫.১৬৬ কিলোমিটার শুধুমাত্র বেজ মজবুতকরণসহ কার্পেটিং কাজ করিয়ে এবং কোন ওভারলে কাজ না করিয়ে সম্পূর্ণ কাজের বিল অর্থাৎ ২,২৯,৭৪,৩৬২.৯৭ টাকা পরিশোধ করে সরকারি নিয়মনীতি ভঙ্গ করেছেন; এবং

যেহেতু, এ প্রেক্ষাপটে আপনি সড়কটিতে গত ০৬-১২-২০১২ তারিখে সম্পাদিত ২(দুই)টি চুক্তিমূল্যের আওতায় পুনরায় কাজ করান; এবং

যেহেতু, জরুরী পুনর্বাসন প্রকল্পের আওতায় নির্ধারিত সময়ে কাজ শুরু ও সমাপ্ত করা হলে জনভোগান্তি সৃষ্টি হত না এবং নতুন করে কাজ করানোর প্রয়োজন হত না; এবং

যেহেতু, আপনার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২(এফ) এর সংজ্ঞা অনুযায়ী অসদাচরণ ও বিধি ৩(ডি) অনুযায়ী দুর্নীতিপরায়ণতা বিধায় বিভাগীয় মামলা নম্বর ২০/২০১৩ রুজু করা হয়; এবং

যেহেতু, উক্তরূপ কার্যকলাপের জন্য কেন আপনাকে একই বিধিমালার বিধি ৪(৩)(ডি) অনুযায়ী চাকুরি হতে বরখাস্ত (Dismissal From Service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি প্রদান করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। আপনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কি-না অথবা আপনার বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, আপনার লিখিত জবাব সন্তোষজনক না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(৩) মোতাবেক বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য সড়ক বিভাগের উপসচিব জনাব আনোয়ার হোসেন চৌধুরী কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা আপনার বিরুদ্ধে আনীত অসদাচরণ ও দুর্নীতিপরায়ণতার অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে উল্লেখপূর্বক মতামতসহ তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, লিখিত জবাব, তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক দলিল দস্তাবেজ পর্যালোচনায় প্রতীয়মান হয়েছে যে, আপনার বিরুদ্ধে উত্থাপিত অসদাচরণ ও দুর্নীতিপরায়ণতার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি এবং

সেহেতু, এক্ষণে, সার্বিক বিচেনায় শেখ মোহাম্মদ হাসিবুর রহমান (পরিচিতি নম্বর ৬০১৯১৭), নির্বাহী প্রকৌশলী (সিভিল চ:দা:), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা (প্রাক্তন নির্বাহী প্রকৌশলী (চ:দা:), কুষ্টিয়া সড়ক বিভাগ, কুষ্টিয়া)-কে বিভাগীয় মামলার নম্বর ২০/২০১৩ হতে অব্যাহতি প্রদান করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ২২ ডিসেম্বর ২০১৪ /৮ পৌষ ১৪২১

**নং ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৩.১৪-২২১**—যেহেতু, আপনি জনাব মোঃ আবদুস সালাম (পরিচিতি নম্বর ০০৫১৭০), অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চ:দা:), রাজশাহী জোন, রাজশাহী ২০১৩-২০১৪ অর্থবছরে রাজশাহী জোনের পিএমপি (সড়ক) এর ৬টি প্যাকেজের দরপত্র আহবান ও প্রস্তাব মূল্যায়নে অহেতুক বিলম্ব করেন। শুষ্ক ও কাজের মৌসুম চলমান থাকায় দ্রুত দরপত্র কার্যক্রম শেষ করার বাস্তব প্রয়োজন থাকা সত্বেও রাজশাহী, নওগাঁ ও নবাবগঞ্জ সড়ক বিভাগের ৩টি প্যাকেজের দরপত্র প্রক্রিয়াকরণের ক্ষেত্রে যুক্তিসংগত কারণ ব্যতীত প্রথমেই দরপত্র দাখিলের জন্য পিপিআর ২০০৮ এর ৬১(৪) বিধি অনুযায়ী নির্ধারিত নূন্যতম ২৮ দিনের স্থলে ৪৬ দিন সময় দিয়ে গত ১২-১১-২০১৩ তারিখে দরপত্র আহবান করেন; এবং

যেহেতু, আপনি পরবর্তীতে ২৯-১২-২০১৩ এবং ০৬-০১-২০১৪ তারিখে ০২(দুই) বার সংশোধনী বিজ্ঞপ্তির মাধ্যমে দরপত্র দাখিলের জন্য ১৩-১-২০১৪ তারিখ পর্যন্ত মোট ১৪ দিন সময় বৃদ্ধি করেন। দরপত্র দাখিলের পর দরপত্র প্রস্তাব মূল্যায়নকালে পিপিআর ২০০৮ এর ৮(১৪) বিধিতে উল্লিখিত ২১ দিনের চেয়ে অতিরিক্ত আরো ১২ দিন সময় নিয়ে দরপত্র প্রস্তাব মূল্যায়ন করে গত ১৬-২-২০১৪ তারিখে প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর বরাবর প্রেরণ করেন; এবং

যেহেতু, আপনি একইভাবে সিরাজগঞ্জ, নাটোর ও পাবনা সড়ক বিভাগের ০৩টি প্যাকেজের দরপত্র প্রক্রিয়াকরণের ক্ষেত্রে যুক্তিসঙ্গত কারণ ব্যতীত প্রথমেই দরপত্র দাখিলের জন্য পিপিআর ২০০৮ এর ৬১(৪) বিধি অনুযায়ী নির্ধারিত ন্যূনতম ২৮ দিনের স্থলে ৪৩ দিন সময় দিয়ে গত ১১-১১-২০১৩ তারিখে দরপত্র আহবান করেন; এবং

যেহেতু, আপনি পরবর্তীতে ২২-১২-২০১৩, ৩১-১২-২০১৩ ও ০৭-০১-২০১৪ তারিখে ০৩(তিন) বার সংশোধনী বিজ্ঞপ্তি দিয়ে দরপত্র দাখিলের জন্য ১৩-১-২০১৪ তারিখ পর্যন্ত সময় দিয়ে ২১ দিন সময় বৃদ্ধি করেন। দরপত্র দাখিলের পর দরপত্র প্রস্তাব মূল্যায়নকালে পিপিআর ২০০৮ এর ৮(১৪) বিধিতে উল্লিখিত ২১ দিনের চেয়ে অতিরিক্ত আরো ১২ দিন সময় নিয়ে দরপত্র প্রস্তাব মূল্যায়ন করে গত ১৬-২-২০১৪ তারিখে প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর বরাবর প্রেরণ করেন; এবং

যেহেতু, আপনার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২(এফ) এর সংজ্ঞা অনুযায়ী অসদাচরণ হওয়ায় বিভাগীয় মামলা নম্বর ১৩/২০১৪ রুজু করা হয়; এবং

যেহেতু, উক্তরূপ কার্যকলাপের জন্য কেন আপনাকে একই বিধিমালার বিধি ৪(৩)(ডি) অনুযায়ী চাকুরি হতে বরখাস্ত (Dismissal From Service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি প্রদান করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। আপনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কি-না অথবা আপনার বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, আপনি গত ০৫-১১-২০১৪ তারিখে জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করলে গত ৩০-১১-২০১৪ তারিখে আপনার শুনানী গ্রহণ করা হয়; এবং

যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, লিখিত বক্তব্য শুনানীকালে প্রদত্ত বক্তব্য পর্যালোচনায় ও প্রাসঙ্গিক পরিস্থিতি বিবেচনায় নিয়ে প্রতীয়মান হয়েছে যে, সে সময়ে বিভিন্ন কর্মসূচির কারণে সময় বৃদ্ধির প্রেক্ষাপট থাকলেও প্রথমে বেশী সময় দিয়ে দরপত্র আহবান পরিস্থিতি বিচক্ষণতার পরিচয় দিয়ে এড়ানো সম্ভব ছিল; এবং

এক্ষণে, সার্বিক বিবেচনায় এবং তদসময়ে বিদ্যমান পরিস্থিতির প্রেক্ষাপটে জনাব মোঃ আবদুস সালাম (পরিচিতি নম্বর ০০৫১৭০), অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চ:দা:), রাজশাহী জোন, রাজশাহী-কে বিভাগীয় মামলা নম্বর ১৩/২০১৪ হতে অব্যাহতি প্রদান করা হল। তবে ভবিষ্যতে যাতে অনুরূপ ঘটনা না ঘটে সেজন্য আপনাকে ভবিষ্যতের জন্য সতর্ক করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এ, এন, ছিদ্দিক**
সচিব।

**রেলপথ মন্ত্রণালয়**

**প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১১ কার্তিক ১৪২১/২৬ অক্টোবর ২০১৪

**নং ৫৪.০০.০০০০.০০৭.১২.০৭৯.১০-২৩৮৮**—আদিষ্ট হয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫ ফাল্গুন ১৪২০/১৭ ফেব্রুয়ারি ২০১৪ তারিখের ০৫.১৩৩.০০৬.০৩.১৬১.০৪.২০১২-৪৮ নম্বর পত্রের আলোকে এ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক ০১টি পদকে অস্থায়ীভাবে গ্রেড-এ উন্নীতকরণ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাং শওকত রশীদ চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ অগ্রহায়ণ ১৪২১/৯ ডিসেম্বর ২০১৪

**নং শিম/শাঃ ১৮/চঃভেঃএঃবিঃ-১/২০১৪/৩৮৪**—চট্টগ্রাম ভেটেরিনারি এন্ড এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় আইন, ২০০৬ এর ১০(১) ধারা মোতাবেক মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর চট্টগ্রাম ভেটেরিনারি এন্ড এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়-এর ডিপার্টমেন্ট অব এনিম্যাল সাইন্স এন্ড এনিম্যাল নিউট্রিশন বিভাগের অধ্যাপক জনাব ডঃ গৌতম বুদ্ধ দাশ কে নিম্নে বর্ণিত শর্তে চট্টগ্রামভেটেরিনারি এন্ড এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর পদে নিয়োগ প্রদান করেছেনঃ

(ক) ভাইস চ্যান্সেলর হিসেবে তার এ নিয়োগের মেয়াদ ৪(চার) বছর হবে। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে নির্ধারিত সময়কাল শেষ হওয়ার পূর্বেই এ নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) ভাইস চ্যান্সেলর হিসেবে তিনি তার বর্তমান পদ সংশ্লিষ্ট বেতন-ভাতাদি এবং অন্যান্য সুযোগ সুবিধাদি পাবেন;

(গ) তিনি বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে সার্বক্ষণিক বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থান করবেন।

(ঘ) এই নিয়োগ আদেশ তার যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো এবং অবিলম্বে তা কার্যকর হবে।

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের আদেশক্রমে

**লায়লা আরজুমান্দ বানু**
উপ-সচিব (বিশ্ববিদ্যালয়-২)

---

**শাখা-১৯**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৩ অগ্রহায়ণ ১৪২১/২৭ নভেম্বর ২০১৪

নং **শিম/শাঃ১৯/নোঃবিঃপ্রঃবিঃ-১৩-৫/২০১৪/৩০৭**—নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০০১ এর ১২(১) ধারা মোতাবেক মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি অব সাইন্স বিভাগের অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন কে নিম্নে বর্ণিত শর্তে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এর প্রো-ভাইস চ্যান্সেলর হিসেবে নিয়োগ প্রদান করেনঃ

(ক) প্রো-ভাইস চ্যান্সেলর হিসেবে তার এ নিয়োগের মেয়াদ ৪(চার) বছর হবে। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে নির্ধারিত সময়কাল শেষ হওয়ার পূর্বেই তার নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) প্রো-ভাইস চ্যান্সেলর হিসেবে তিনি বর্তমান পদের বেতন ও ভাতাদি পাবেন;

(গ) তিনি প্রো-ভাইস চ্যান্সেলর পদের সাথে সংশ্লিষ্ট অন্যান্য সুযোগ সুবিধা ভোগ করবেন;

(ঘ) এই নিয়োগ আদেশ তার যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

২। মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

**আবদুস সাত্তার মিয়া**
সহকারী সচিব (বৃত্তি)।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**তদন্ত ও শৃংখলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৫ অগ্রহায়ণ ১৪২১/১৯ নভেম্বর ২০১৪

নং **প্রাগম/তঃশৃং/বিমা-১১/২০১১/৫৮৬**—যেহেতু, জনাব দিলীপ কুমার বণিক, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নীলফামারী (প্রাক্তন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঝিনাইদহ)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ) ও ৩(বি) উপবিধি মোতাবেক অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানী গ্রহণের পর বিভাগীয় মামলাটি অধিকতর তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে তার বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা চলার মত উপযুক্ত ভিত্তি নেই;

সেহেতু, জনাব দিলীপ কুমার বণিক, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নীলফামারী (প্রাক্তন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঝিনাইদহ)- কে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(২)(এ) উপবিধি মোতাবেক বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হল।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী আখতার হোসেন**
সচিব।

**শিল্প মন্ত্রণালয়**

**পরিকল্পনা-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ অগ্রহায়ণ ১৪২১/৭ ডিসেম্বর ২০১৪

**নং ৩৬.০৮৪.০৭৫.০১.০০.০১৪.২০১৪-১৪৪(ক)**—শিল্প মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন æFortification of Edible Oil in Bangladesh (Phase-II)"-শীর্ষক প্রকল্পের Steering Committee--র ২য় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করার লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলঃ

**আহবায়ক**

(১) অতিরিক্ত সচিব, শিল্প মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(২) যুগ্ম-প্রধান ও প্রকল্প পরিচালক, æFortification of Edible Oil in Bangladesh (Phase-II)"-শীর্ষক প্রকল্প।

(৩) ডিরেক্টরেট জেনারেল, ড্রাগ এডমিনিস্ট্রেশন-এর প্রতিনিধি।

(৪) চেয়ারম্যান, বিসিএসআইআর-এর প্রতিনিধি।

(৫) মহাপরিচালক, বিএসটিআই-এর প্রতিনিধি।

(৬) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর-এর প্রতিনিধি।

(৭) মহাপরিচালক, পশু সম্পদ অধিদপ্তর-এর প্রতিনিধি।

(৮) সহকারী পরিচালক (প্রোগ্রাম), পিএমইউ, æFortification of Edible Oil in Bangladesh (Phase-II)"-শীর্ষক প্রকল্প।

(৯) সহকারী পরিচালক (মনিটরিং), পিএমইউ, æFortification of Edible Oil in Bangladesh (Phase-II)"-শীর্ষক প্রকল্প।

**সদস্য-সচিব**

(১০) সহকারী পরিচালক (প্রশাসন), পিএমইউ, æFortification of Edible Oil in Bangladesh (Phase-II)"-শীর্ষক প্রকল্প।

২। **কমিটির কার্য-পরিধি** (TOR) ঃ

(ক) শিল্প মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন æFortification of Edible Oil in Bangladesh (Phase-II)"-শীর্ষক প্রকল্পের আওতায় মেয়াদ উত্তীর্ণ ভিটামিন-এ প্রিমিক্স Dispose of করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে; এবং

(খ) বিবিধ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফররুখ আহম্মদ**
সিনিয়র সহকারী প্রধান।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**পুলিশ-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৪ অগ্রহায়ণ ১৪২১/৮ ডিসেম্বর ২০১৪

**নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০৩৫.১৩-১০৪১**—যেহেতু, জনাব এম এম শাকিলুজ্জামান, সাবেক সহকারী পুলিশ সুপার, নবাবগঞ্জ সার্কেল, চাঁপাইনবাবগঞ্জ (বর্তমানে অতিরিক্ত পুলিশ সুপার, র‍্যাব-৬, খুলনা) এর বিরুদ্ধে গত ২৮-২-১৩ তারিখ মানবতা বিরোধী অপরাধ দমন ট্রাইব্যুনালে জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নায়েবে আমীর মাওলানা দেলওয়ার হোসেন সাঈদীর মামলার রায় ঘোষণার দিন জামায়াতে ইসলামী কর্তৃক আহুত দেশব্যাপী সকাল-সন্ধ্যা হরতাল চলাকালে জামাত- শিবিরের নেতাকর্মীরা অবৈধভাবে জমায়েত হয়ে ব্যাপক বিক্ষোভ, ভাংচুর, অগ্নিসংযোগসহ আইন-শৃংখলা বাহিনীর উপর আক্রমণ করে। সকাল ০৯.৩০ টায় শিবগঞ্জ থানা এলাকায় বিজিবির হাবিলদার মফিজ আহত হন এবং তার অস্ত্র (এসএমজি) খোয়া যায়। পরবর্তীতে তা ভাংগা অবস্থায় উদ্ধার করা হয়। মাওলানা দেলওয়ার হোসেন সাঈদীর মৃত্যু দণ্ডাদেশের রায় শোনার পর জামায়াত শিবিরের লোকজন পুনরায় একত্রিত হয়ে অধিক মারমুখি অবস্থায় অনুমান ১৪.০০ টায় শিবগঞ্জ থানাধীন কানসাট পল্লী বিদ্যুৎ অফিস ভবন, রেস্ট হাউজ ও আবাসিক এলাকায় ব্যাপক ভাংচুর ও অগ্নিসংযোগের কারণে প্রায় ২০০ (দুইশত) কোটি টাকার ক্ষতি হয়। অনুমান ১৩.৩০ টায় জামায়াত শিবিরের কর্মীরা শিবগঞ্জ বাজারের দিকে আসার সময় বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর আত্মীয়ের বাসভবন ভাংচুর করে। সোনা মসজিদ সংলগ্ন পিরোজপুরে নবনির্মিত পর্যটন মোটেলে ভাংচুর করে ও আগুন লাগিয়ে দেয়। মোটেলে কর্মরত ইঞ্জিনিয়ার তৌহিদুল ইসলাম জামায়াত শিবির কর্মীদের ধাওয়ায় ছাদ হতে পড়ে মৃত্যুবরণ করেন। তিনি গত ২৮-২-১৩ তারিখ জামায়াত শিবির কর্তৃক আহুত সকাল-সন্ধ্যা হরতালে নিরাপত্তা ডিউটিতে সকাল হতে শিবগঞ্জ থানা এলাকায় অফিসার ইনচার্জ, শিবগঞ্জসহ জেলা পুলিশের ৬২ জন ফোর্স, আরআরএফ এর ১৫ জন এবং বিজিবির ৬২ জন সদস্যসহ মোট ১৩৯ জন আইন-শৃংখলা ডিউটিতে নিয়োজিত থাকা সত্ত্বেও জনরোষের মুখে কোন প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারেননি। উল্লিখিত অভিযোগে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৪৪.০০.০০০০.০৯৪. ০২.০৩৫.১৩.৬১৭, তারিখ: ১২-৫-২০১৩ মূলে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারী করে অত্র মন্ত্রণালয়ের ১৩-৪-২০১৪ তারিখের ২৮৮ নম্বর স্মারকে জনাব মোঃ আলমগীর কবীর, পুলিশ সুপার, রাজশাহীকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(৪), ৭(১০) এবং ১০ নং বিধির বিধান অনুসারে যথাযথভাবে তদন্ত করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

২। যেহেতু, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনা করে দেখা যায় যে, অভিযুক্ত কর্মকর্তা জনাব এম এম শাকিলুজ্জামান এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি।

৩। এক্ষণে, সেহেতু জনাব এম এম শাকিলুজ্জামান এর বিরুদ্ধে উক্ত বিধিমালার ৩(এ) ও ৩(বি) বিধানমতে আনীত অভিযোগসমূহের দায় হতে তাকে অব্যাহতি প্রদান করা হল।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

## কারা-১ অধিশাখা

### আদেশ

তারিখ, ৬ অগ্রহায়ণ ১৪২১/২০ নভেম্বর ২০১৪

**নং ৪৪.০০.০০০০.০২৩.০৩.০০২.২০১৪-৩৬৪**—যেহেতু, জনাব মোঃ জয়নাল আবেদীন ভুইয়া, জেলার, লক্ষ্মীপুর জেলা কারাগার (রাংগামাটি জেলা কারাগারে বদলির আদেশপ্রাপ্ত) এর বিরুদ্ধে অভিযোগ ২১-১০-২০১৪ তারিখ বেলা ০৩.০০ ঘটিকায় বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, লক্ষ্মীপুর কর্তৃক লক্ষ্মীপুর জেলা কারাগার পরিদর্শনকালে কারা হাসপাতাল ও সেল তল্লাশি করে সচল মোবাইল ফোন, নগদ টাকা, নেশা জাতীয় দ্রব্য, পেন ড্রাইভ, লাইটার প্রভৃতি অবৈধ দ্রব্যাদি উদ্ধার করা হয় যা তার দায়িত্ব ও কর্তব্যে চরম অবহেলার শামিল এবং কারা বিধি ১ম খণ্ডের ৫০৪, ৬৬০ ও ৬৬১ এবং সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ২(এফ)(i) ও (ii) এর পরিপন্থি; এবং

যেহেতু, উপরিউক্ত অসদাচরণ ও অনিয়মের অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে এবং সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ১১(১) মোতাবেক তাকে সরকারি চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু, জনাব মোঃ জয়নাল আবেদীন ভুইয়া, জেলার, লক্ষ্মীপুর জেলা কারাগার (রাংগামাটি জেলা কারাগারে বদলির আদেশপ্রাপ্ত)-কে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ১১(১) বিধি মোতাবেক সরকারি চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

বরখাস্তকালীন সময়ে তিনি বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

এ আদেশ কারা অধিদপ্তরের স্মারক সংখ্যা ৪৪.০৭.০০০০.০২২.০১.০০৩.২০১৪-৪৬৫ তারিখঃ ২১-১০-২০১৪ এর স্থলাভিষিক্ত হবে।

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

---

### অফিস আদেশ

তারিখ, ১ পৌষ ১৪২১/১৫ ডিসেম্বর ২০১৪

**নং ৪৪.০০.০০০০.০২৩.০১.০০৯.২০১২-৩৮৪**—আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, কারা অধিদপ্তরের আওতাধীন ৯ম গ্রেডভুক্ত জেলার ও উপতত্ত্বাবধায়ক পদমর্যাদার কর্মকর্তাদের বদলি এবং ছুটির কার্যক্রম কারা অধিদপ্তর হতে সম্পন্ন করা হবে এবং তাদের বিভাগীয় মামলা সংক্রান্ত কার্যক্রম স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে পরিচালনা করা হবে।

২। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ১৮ আগস্ট ২০১৪ তারিখের পত্র সংখ্যা ৪৪.০০.০০০০.০২৩.০১.০০৯.২০১২-২৭৫ এতদ্বারা বাতিল করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মনোয়ারা ইশরাত**
উপসচিব।

## আইন অধিশাখা-৩

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ২৫ নভেম্বর ২০১৪

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৮.১৩-৪৬২**—কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম থানার মামলা নম্বর-২৪, তারিখঃ ১৯-৯-২০১৩ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৬(২)(অ)(ই)/১০/১১/১২ এর মামলাটিতে ১৮-৯-২০১৩ তারিখ রাত্রি ২২.৩৫ ঘটিকায় আসামি শাহাব উদ্দিন, পিতা মৃত ছিদ্দিকুর রহমান, সাং চান্দিশকরা, থানা চৌদ্দগ্রাম, জেলা কুমিল্লা গং জামায়াত শিবিরের নেতাকর্মীরা জনসাধারণের মধ্যে আতংক সৃষ্টির মাধ্যমে লোকজনের স্বাভাবিক কাজকর্ম হতে বিরত রাখার উদ্দেশ্যে অতর্কিতভাবে আমজাদের বাজার সংলগ্ন ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে উঠে রাস্তায় চলাচলরত যানবাহন ভাংচুর করাসহ অগ্নি সংযোগ করেছে যা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৬(২)(অ) (ই)/১০/১১/১২ এর অপরাধ। উক্ত ঘটনার সাথে জড়িত আসামিদের বিরুদ্ধে সন্ত্রাসীকার্য সংঘটনের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ধারা ৪০ এর উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদদ্বারা জ্ঞাপন করা হল।

তারিখ, ২৭ নভেম্বর ২০১৪

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৩.১৩-৪৬৩**—ডিএমপি, ঢাকার উত্তরা পশ্চিম থানার জিডি নং-৭২০, তাং ১২-৮-১৪ অনুযায়ী মামলাটিতে আসামি ১। সিদ্দিক আহমেদ @ ইউসুফ (২৬), পিতা মাওলানা মোঃ হাফিজুর রহমান, সাং ধনপুর বাজার ( গোলাপ মিয়ার বাড়ীর পার্শ্বে) থানাঃ বিশম্ভপুর, জেলা সুনামগঞ্জ, এপি-বাসা-৩৫/৩৬ জল্লারপাড়, জিন্দাবাজার, থানাঃ কোতোয়ালী, জেলা সিলেট গং গত ১২-৮-১৪ তারিখ ভোর অনুমান ৫.৩০ ঘটিকায় উত্তরা ৯নং সেক্টরের ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের আবদুল্লাহপুড়স্থ ফুট ওভার ব্রীজের নীচে অবস্থানকালে সন্দেহজনকভাবে তাদের আটক করা হলে তাদের নিকট হতে ৯টি ছবি, ১টি নোটবুক যার ভিতর ইসলামিক আন্দেলনসহ বিভিন্ন লেখা রয়েছে। আসামীরা উস্কানিমূলক কার্যক্রম করে মানুষের মধ্যে ঘৃণার ভাব সৃষ্টি, নাশকতামূলক কার্যকলাপ অংশগ্রহণের জন্য প্ররোচিত করা এবং আইন শৃঙ্খলা অবনতিসহ জাতিগত বিভেদ সৃষ্টি, দাঙ্গা বাধানোর উস্কানি দেওয়া, দেশে অস্থিতিশীল অবস্থা সৃষ্টি ও ধ্বংসাত্মক কার্যকলাপে পরিচালনা করার লক্ষ্যে সমবেত হয় যা পেনাল কোডের ধারা ১৫৩-ক/৫০৫ এর অপরাধ। উক্ত অপরাধে আসামীদের বিরুদ্ধে পেনাল কোডের ১৫৩-ক/৫০৫ ধারায় মামলা রুজুর লক্ষ্যে অফিসার ইনচার্জ, উত্তরা পশ্চিম থানা, ডিএমপি, ঢাকাকে আইনগতভাবে অবশ্যকীয় ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ধারা ১৯৬ এর অধীন সরকারের অনুমোদন নির্দেশক্রমে এতদদ্বারা জ্ঞাপন করা হল।

তারিখ, ৯ ডিসেম্বর ২০১৪

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৪-৪৮৪**—ঠাকুরগাঁও সদর থানার মামলা নং-৪৩, তারিখঃ ২১-০১-২০১৪ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৬(২) মামলাটিতে গত ৫-১-২০১৪ তারিখ বেলা ১২.০০ ঘটিকায় সময় আসামি আবুল কাশেম (৫৫), পিতা মৃত দরিবুল ইসলাম, সাং সৈয়দপুর, থানা ও জেলা ঠাকুরগাঁও গং উশৃংখল জনতা

অবৈধভাবে সমবেত হয়ে হাতে লাঠি, লোহার রড, ইট-পাটকেল নিয়ে আতংক সৃষ্টি করে সালেরহাট সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে প্রবেশ করতঃ ১০ম জাতীয় সংসদ নির্বাচন বাতিল করা, নিরাপত্তা বিঘ্ন ও কর্তব্যে নিয়োজিত সদস্যদেরকে গুরুতর আহত ও নিহত করার উদ্দেশ্যে এলোপাতাড়ী মারপিট করে আক্রমনকারীরা নির্বাচন সামগ্রীতে আগুন ধরিয়ে দেয়। আসামিগণ এহেন কার্যক্রম করে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৬(২) এবং ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের ধারা ২৫ এর অপরাধ করেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত আসামিদের বিরুদ্ধে সন্ত্রাসীকার্য সংঘটনের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ধারা ৪০ এর উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদদ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৪-৪৮৫**—ঠাকুরগাঁও সদর থানার মামলা নং-২৭, তারিখঃ ১২-০১-২০১৪ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৬(২) মামলাটিতে গত ৫-১-২০১৪ তারিখ বেলা ১০.২০ ঘটিকায় আসামি মোঃ কামরুজ্জামান (৪২), পিতা মোঃ রেজাউল করিম, সাং সৈয়দপুর, দানারহাট, থানা ও জেলা ঠাকুরগাঁও গং কতিপয় উশৃংখল জনতা অবৈধভাবে সমবেত হয়ে হাতে লাঠি, লোহার রড, ইট-পাটকেল নিয়ে আতংক সৃষ্টি করে ভোটকেন্দ্রে প্রবেশপূর্বক ১০ম জাতীয় সংসদ নির্বাচন বাতিল করা, নিরাপত্তা বিঘ্ন ও কর্তব্যে নিয়োজিত সদস্যদেরকে গুরুতর আহত ও নিহত করার উদ্দেশ্যে এলোপাতাড়ী মারপিট করে আক্রমনকারীরা নির্বাচন সামগ্রীতে আগুন ধরিয়ে দেয়। আসামিগণ এহেন কার্যক্রম দ্বারা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৬(২) এর অপরাধ করেছেন। উক্ত আসামিদের বিরুদ্ধে সন্ত্রাসীকার্য সংঘটনের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ধারা ৪০ এর উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদদ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৪-৪৮৬**—ঠাকুরগাঁও সদর থানার মামলা নং-৩৫, তারিখঃ ১৬-০১-২০১৪ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৬(২) মামলাটিতে গত ৫-১-২০১৪ তারিখ বেলা ১২.০০ ঘটিকার সময় আসামি মঞ্জুরুল আলম (৪২), পিতা মৃত কেরামত আলী, সাং লাউথুতি, থানা ও জেলা ঠাকুরগাঁও গং উশৃংখল জনতা অবৈধভাবে সমবেত হয়ে হাতে লাঠি, লোহার রড, ইট-পাটকেল নিয়ে আতংক সৃষ্টি করে তেওয়ারীগাঁও (কার্তিকতলা) বেসরকারি প্রাথমিক বিদ্যালয় ভোটকেন্দ্রে প্রবেশ করতঃ ১০ম জাতীয় সংসদ নির্বাচন বাতিল করা, নিরাপত্তা বিঘ্ন ও কর্তব্যে নিয়োজিত সদস্যদেরকে গুরুতর আহত ও নিহত করার উদ্দেশ্যে এলোপাতাড়ী মারপিট করে এবং নির্বাচন সামগ্রীতে আগুন ধরিয়ে দেয়। আসামিগণ এহেন কার্যক্রম করে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৬(২) এর অপরাধ করেছেন। উক্ত আসামিদের বিরুদ্ধে সন্ত্রাসীকার্য সংঘটনের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ধারা ৪০ এর উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদদ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৪-৪৮৭**—ঠাকুরগাঁও সদর থানার মামলা নং-৩১, তারিখঃ ১২-১-২০১৪ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৬(২) মামলাটিতে গত ৫-১-২০১৪ তারিখ বেলা ১২.২০ ঘটিকার সময় আসামি মোঃ ইসরাফিল (৪১), পিতা মৃত ফাহিম উদ্দিন, সাং গড়েয়া গোপালপুর, থানা ও জেলা ঠাকুরগাঁও গং উশৃংখল জনতা অবৈধভাবে সমবেত হয়ে হাতে লাঠি, লোহার রড, ইট-পাটকেল নিয়ে আতংক সৃষ্টি করে ভোপলা খামার সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোটকেন্দ্রে প্রবেশপূর্বক ১০ম জাতীয় সংসদ নির্বাচন বাতিল করা, নিরাপত্তা বিঘ্ন ও কর্তব্যে নিয়োজিত সদস্যদেরকে গুরুতর আহত ও নিহত করার উদ্দেশ্যে এলোপাতাড়ী মারপিট করে এবং আক্রমনকারীরা নির্বাচন সামগ্রীতে আগুন ধরিয়ে দেয়। আসামিগণ এহেন কার্যক্রম করে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৬(২) এর অপরাধ করেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত আসামিদের বিরুদ্ধে সন্ত্রাসীকার্য সংঘটনের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ধারা ৪০ এর উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদদ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৪-৪৮৮**—ঠাকুরগাঁও সদর থানার মামলা নং-২৬, তারিখঃ ১২-১-২০১৪ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৬(২) মামলাটিতে আসামি মোঃ মাহবুব হোসেন @ তুহিন (৩৫), পিতা আব্দুল আলিম, সাং আশ্রমপাড়া, থানা ও জেলা ঠাকুরগাঁও গং গত ১১-১-২০১৪ তারিখ বেলা ১৪.৩০ ঘটিকায় ঠাকুরগাঁও শহরের চৌরাস্তার দক্ষিণপার্শ্বে বাঁশের লাঠি, ও পেট্রোলভর্তি কাঁচের বোতলসহ জনসাধারণের মনে আতংক সৃষ্টি, ভীতি প্রদর্শন, সরকারি কর্মকর্তা/কর্মচারীদেরকে সরকারি কাজে বাধাদান ও আক্রমন করার উদ্দেশ্যে একত্রে সমবেত হয়ে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৬(২) তে অপরাধ সংঘটন করে। উক্ত ঘটনার সাথে জড়িত আসামিদের বিরুদ্ধে সন্ত্রাসীকার্য সংঘটনের অভিযোগ তদন্ত প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ধারা ৪০ এর উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদদ্বারা জ্ঞাপন করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খায়রুল আলম সেখ**
উপসচিব।

---

## স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
## শৃঙ্খলা-১ শাখা

### আদেশাবলী

তারিখ, ৮ ডিসেম্বর ২০১৪

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৬.২০১৩-৯৫৩**—যেহেতু, ডাঃ মোঃ আফসার উদ্দিন আহমেদ (৪৪০৪৪), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ছাতক, সুনামগঞ্জ গত ০১-১১-২০০৮ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে

অনুপস্থিতি এর দায়ে ১৮-৩-২০১৩ তারিখে ৪৫.১৫০.০২৭.০১. ০০.০৪৬.২০১৩-৩১৫ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে, সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ মোঃ আফসার উদ্দিন আহমেদ (৪৪০৪৪), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ছাতক, সুনামগঞ্জকে তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০১-১১-২০০৮ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ১৭ ডিসেম্বর ২০১৪

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০২০.২০১৩-৯৬৯**—যেহেতু, ডাঃ ইফতেখার মাহমুদ (১১৩১০৫), মেডিকেল অফিসার, আইলচারা ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, সদর, কুষ্টিয়া গত ২৮-১০-২০০৮ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি এর দায়ে ১০-২-২০১৩ তারিখে ৪৫.১৫০.০২৭.০১. ০০.০২০.২০১৩-১৩৯ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে, সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ ইফতেখার মাহমুদ (১১৩১০৫), মেডিকেল অফিসার, আইলচারা ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, সদর, কুষ্টিয়াকে তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ ২৮-১০-২০০৮ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সৈয়দ মনজুরুল ইসলাম**
সচিব।

**আদেশাবলী**

তারিখ, ৩০ নভেম্বর ২০১৪

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৩.২০১৩-৯২০**—যেহেতু, ডাঃ নিসতার-ই-আফসানা (১১৩০৯৭), মেডিকেল অফিসার, সিভিল সার্জন অফিস, মানিকগঞ্জ গত ১৪-১১-২০১২ তারিখ হতে ৮-১০-২০১৪ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির দায়ে ১৬-১-২০১৩ তারিখে ৪৫.১৫০.০২৭. ০১. ০০.১৮৩.২০১৩-৩০ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত মর্মে মতামত জ্ঞাপন করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে বিভাগীয় মামলায় তাকে কেন চাকরি হতে বরখাস্ত করা হবে না মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার ২য় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ৯-১১-২০১৪ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ নিসতার-ই-আফসানা (১১৩০৯৭), মেডিকেল অফিসার, সিভিল সার্জন অফিস, মানিকগঞ্জ এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন, ২য় কারণ দর্শানো নোটিশের জবাব এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তার বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০১(এক) বছরের জন্য স্থগিত করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

তারিখ, ২ ডিসেম্বর ২০১৪

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৮.২০১৪-৯২৮**—যেহেতু, ডাঃ মোঃ গোলাম রব্বানী (১১৩৩৭৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা গত ০১-৫-২০১৩ তারিখ হতে ৩০-৬-২০১৪ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির দায়ে ০২-১১-২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৮.২০১৪-৮৪৯ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৭-১১-২০১৪ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, তিনি গত ০১-৫-২০১৩ তারিখ হতে ৩ বছরের জন্য লিয়েন মঞ্জুরের জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করেন। কিন্তু সঠিক সময়ে লিয়েন মঞ্জুর না হওয়ার কারণে তিনি লিয়েন মঞ্জুর ব্যতিত যুক্তরাজ্য চলে যান এবং দেশে ফিরে গত ১৪-৭-২০১৪ তারিখে চাকুরিতে যোগদান করে পুনরায় ভূতাপেক্ষ লিয়েন মঞ্জুরের জন্য আবেদন করেন। তিনি আরো জানান যে, তিনি চাকুরিতে নবীন এবং চাকুরীর সম্পর্কে প্রশাসনিক নিয়ম কানুন জানা না থাকা ও প্রশিক্ষণ না থাকায় এই ভুল হয়েছে। এটি তার অনিচ্ছাকৃত ভুল। তিনি তার ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করেন, অধিকন্তু তিনি ঐ সময়ে MRCP ডিগ্রি অর্জন করেছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ গোলাম রব্বানী (১১৩৩৭৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তার বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তার বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০১(এক) বছরের জন্য স্থগিত করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

তারিখ, ১২ ডিসেম্বর ২০১৪

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭২.২০১৪-৯৬২**—যেহেতু, ডাঃ মুনীরা আফরোজ সিদ্দিকা (১২৪২৮৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা তার প্রেষণ আবেদনে মিথ্যা তথ্য প্রদান করায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধিমতে অসদাচরণ এর দায়ে ০৬-৮-২০১৪ তারিখের ৪৫.১৫০.০২৭. ০১. ০০.০৭২.২০১৪-৬০৬ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মুনীরা আফরোজ সিদ্দিকা (১২৪২৮৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে 'তিরস্কার' করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হল।

**এ.এম. বদরুদ্দোজা**
অতিরিক্ত সচিব।

**জনস্বাস্থ্য-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ নভেম্বর ২০১৪

**নং জনস্বাস্থ্য-১/ঔষধ-০৩/২০০৯-৩৩২**—শিশুদের ক্যান্সার সনাক্তকরণ ও নিরাময়ের লক্ষ্যে ঢাকা মেডিকেল কলেজ, হাসপাতাল, ন্যাশনাল ইনস্টিটিউট অব ক্যান্সার হসপিটাল এন্ড রিসার্চ, চট্টগ্রাম মেডিকেল কলেজ ও সিলেট মেডিকেল কলেজকে নিম্নবর্ণিত চিকিৎসা সেবা প্রদানের নিমিত্ত স্যাটেলাইট কেন্দ্র হিসেবে ঘোষণা করা হল:

(ক) ডিএফআইডি (DFID) এর মাধ্যমে যুক্তরাজ্য সরকারের আর্থিক সহায়তায় পরিচালিত "ওয়াল্ড চাইল্ড ক্যান্সার" এর সহযোগিতায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, ঢাকা University College London Hospital (UCLH) এবং British Colombia Children's Hospital (BCCH), Vancouver, Canada এর যৌথ অংশীদারিত্বে মেডিকেল এক্সপারটাইজের আদান-প্রদানের (Sharing of Medical Expertise) মাধ্যমে শিশুদের ক্যান্সার সনাক্তকরণ ও নিরাময়ে স্থানীয় চিকিৎসকদের সক্ষমতা বৃদ্ধি।

(খ) দেশে শিশুদের ক্যান্সার চিকিৎসায় জাতীয় কো-অর্ডিনেটর হিসেবে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বি এস এম এম ইউ) মাধ্যমে শিশু ক্যান্সার চিকিৎসা কার্যক্রম সমন্বয় সাধন এবং এ বিষয়ে বি এস এম এম ইউ-কে কেন্দ্রীয় গুরুত্বপূর্ণ হাসপাতাল (Hub Hospital) হিসেবে দায়িত্ব পালনে প্রয়োজনীয় সহায়তা প্রদান।

(গ) অর্থাভাবের কারণে ক্যান্সার আক্রান্ত শিশুর ক্যান্সার নিরাময় চিকিৎসা গ্রহণে অস্বীকৃত পরিবারকে চিকিৎসাসেবা গ্রহণে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে বিনামূল্যে Chemotherapy Medication এর ব্যবস্থা করা এবং শিশুদের ক্যান্সার সনাক্তকরণ ও নিরাময়ে যথাযথ দায়িত্ব পালন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আব্দুর রহিম**
উপসচিব।

**অফিস আদেশ**

তারিখ, ৮ ডিসেম্বর ২০১৪

**নং স্বাপকম/জনস্বাস্থ্য-১/ঔষধ-৪১/২০০৮-৩৫২**—সিলেট "প্রজন্ম" গবেষণা গ্রুপের কার্যক্রমের মূল্যায়নের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন স্বাস্থ্য অধিদপ্তর এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরের প্রতিনিধিদের সমন্বয়ে জাতীয় ও স্থানীয় পর্যায়ে মাতৃ ও শিশু স্বাস্থ্য উন্নয়নের লক্ষ্যে নির্দেশক্রমে নিম্নরূপভাবে "টেকনিক্যাল রিভিও কমিটি" গঠন করা হলো:

**সভাপতি**

(১) যুগ্ম-প্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(২) বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), সিলেট বিভাগ।

(৩) বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা, সিলেট বিভাগ।

(৪) সিভিল সার্জন, সিলেট।

(৫) উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সিলেট।

(৬) প্রতিনিধি, প্রজন্ম প্রকল্প।

(৭) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সংশ্লিষ্ট)।

**সদস্য-সচিব**

(৮) ডেপুটি সিভিল সার্জন, সিলেট।

**কমিটির কার্যপরিধি:**

(১) (ক) কমিটি সময় সময় "প্রজন্ম" গবেষণা গ্রুপের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করে তার কার্যক্রম মূল্যায়ন করবে।

(খ) গবেষণা কার্যক্রমের সফলতার আলোকে তার সফল উপকরণসমূহ জাতীয় পর্যায়ে বাস্তবায়নের সুপারিশ করবে।

**মোঃ আব্দুর রহিম**
উপসচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ৪ অগ্রহায়ণ ১৪২১/১৮ নভেম্বর ২০১৪

নং **৪৬.০৬৩.০৩২.০১.০০.০০২.২০১১-১৪৯৭**—ময়মনসিংহ জেলাধীন গফরগাঁও পৌরসভার ৬নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ হেলাল উদ্দিন গত ০২-০৮-২০১৪ তারিখে মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩৩ এর উপ-ধারা (১)(চ) মতে সরকার উল্লিখিত ওয়ার্ড কাউন্সিলরের পদটি শূন্য ঘোষণা করিল।

নং **৪৬.০৬৩.০৩২.০১.০০.০০২.২০১১-১৪৯৮**—মুন্সীগঞ্জ জেলাধীন মিরকাদিম পৌরসভার ৫নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোহাম্মদ মাসুদ ইসলাম গত ০৫-০৮-২০১৪ তারিখে মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩৩ এর উপ-ধারা (১)(চ) মতে সরকার উল্লিখিত ওয়ার্ড কাউন্সিলরের পদটি শূন্য ঘোষণা করিল।

নং **৪৬.০৬৩.০৩২.০১.০০.০০২.২০১১-১৪৯৯**—নীলফামারী পৌরসভার ২নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ আব্দুল মান্নান গত ০৮-১০-২০১৪ তারিখে পদত্যাগ করায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩৩ এর উপ-ধারা (১)(গ) মতে সরকার উল্লিখিত ওয়ার্ড কাউন্সিলরের পদটি শূন্য ঘোষণা করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খলিলুর রহমান**
উপসচিব।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**উর্ধ্বতন নিয়োগ-২ শাখা**

**শোক প্রস্তাব**

তারিখ, ০৮ মাঘ ১৪২১/২১ জানুয়ারি ২০১৫

নং **০৫.০০.০০০০.১৩১.০০.০৬০.১৪-৭৪**—পি.আর.এল. ভোগরত যুগ্মসচিব মোঃ নজরুল ইসলাম খাঁন (৪৯৯৩) গত ০৪-০১-২০১৫ খ্রি. তারিখ রবিবার রাত ১১:১০ ঘটিকায় আল রাজি হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি............. রাজিউন)।

২। মরহুম মোঃ নজরুল ইসলাম খাঁন (৪৯৯৩) ০১ জানুয়ারি ১৯৫৫ খ্রি. তারিখ চাঁদপুর জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ১৫ ফেব্রুয়ারি ১৯৮৮ খ্রি. তারিখ বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন। তিনি গত ০৮-০২-২০১২ খ্রি. তারিখ সরকারের যুগ্মসচিব পদে পদোন্নতি পান।

৩। মরহুম মোঃ নজরুল ইসলাম খাঁন (৪৯৯৩) দীর্ঘ চাকরি জীবনে একজন কর্তব্যপরায়ণ, নিষ্ঠাবান ও মিষ্টভাষী কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, এক ছেলে ও এক মেয়েসহ বহু আত্মীয়-স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মরহুম মোঃ নজরুল ইসলাম খাঁন (৪৯৯৩) এর মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর রুহের মাগফিরাত কামনা করছে এবং মরহুমের পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করছে।

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**উর্ধ্বতন নিয়োগ-২ শাখা**

**শোক প্রস্তাব**

তারিখ, ০৮ মাঘ ১৪২১/২১ জানুয়ারি ২০১৫

নং **০৫.০০.০০০০.১৩১.০০.১০৩.০৯-৭২**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (যুগ্মসচিব) জামাল উদ্দিন আহমেদ (১৫৭৭) গত ২২ ডিসেম্বর ২০১৪ খ্রি. তারিখ সোমবার সকল ৫:৩০ ঘটিকায় ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি............. রাজিউন)।

২। মরহুম জামাল উদ্দিন আহমেদ ২০ নভেম্বর ১৯৫৬ খ্রি. তারিখ মানিকগঞ্জ জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ১৯ জুন ১৯৮৩ খ্রি. তারিখ বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন। তিনি গত ১৯-০২-২০০৯ খ্রি. তারিখ সরকারের যুগ্মসচিব পদে পদোন্নতি পান। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (যুগ্মসচিব) হিসেবে কর্মরত ছিলেন।

৩। মরহুম জামাল উদ্দিন আহমেদ দীর্ঘ চাকরি জীবনে একজন কর্তব্যপরায়ণ, নিষ্ঠাবান ও মিষ্টভাষী কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী ও এক কন্যাসহ বহু আত্মীয়-স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মরহুম জামাল উদ্দিন আহমেদ এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর রুহের মাগফিরাত কামনা করছে এবং মরহুমের পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করছে।

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**উর্ধ্বতন নিয়োগ-২ শাখা**

**শোক প্রস্তাব**

তারিখ, ২৮ মাঘ ১৪২১/১০ ফেব্রুয়ারি ২০১৫

**নং ০৫.০০.০০০০.১৩১.০০.১৮৬.১১-১৪৪**—মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের উপসচিব জনাব আশীষ কুমার সাহা (৭৪৭৭) গত ০২-০১-২০১৫ খ্রিঃ তারিখ শুক্রবার রাত ১১.৩০ ঘটিকায় হৃদরোগে আক্রান্ত হয়ে ঢাকার ল্যাবএইড কার্ডিয়াক হসপিটালে ইন্তেকাল করেন।

২। আশীষ কুমার সাহা (৭৪৭৭) ১৮ ফেব্রুয়ারি ১৯৬০খ্রিঃ তারিখ নড়াইল জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ১৫ ফেব্রুয়ারি ১৯৮৮খ্রিঃ তারিখ বিসিএস (কর) ক্যাডারে যোগদান করেন। তিনি গত ০৭-০৯-২০০৯ তারিখ সরকারের উপসচিব পদে পদোন্নতি পান। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের উপসচিব হিসেবে কর্মরত ছিলেন।

৩। আশীষ কুমার সাহা (৭৪৭৭) দীর্ঘ চাকরি জীবনে একজন কর্তব্যপরায়ণ, নিষ্ঠাবান ও মিষ্টভাষী কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, ০১ (এক) পুত্র ও ০১ (এক) কন্যাসহ বহু আত্মীয়-স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রয়াত আশীষ কুমার সাহা (৭৪৭৭) এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করছে এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৪ পৌষ ১৪২১/০৮ জানুয়ারি ২০১৫

**নং ০৫.০০.০০০০.১১০.০০.০২৫.৯৩-৩৯**—যেহেতু, জনাব মোঃ বাদিউল কবীর, ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯-এর ২৫ (১) বিধি লংঘন করেছেন;

যেহেতু, উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর ৩(বি) বিধি অনুযায়ী "অসদাচরণ (Misconduct)"-এর অভিযোগে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে: এবং

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর ১১(১) বিধি মোতাবেক তাঁকে চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা প্রয়োজন ও সমীচীন;

সেহেতু, উক্ত বিধিমালার ১১(১) নং বিধি অনুসারে জনাব মোঃ বাদিউল কবীর, ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়-কে চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। সাময়িক বরখাস্তকালীন তিনি সচিবালয় কেন্দ্রীয় গ্রন্থাগারে সংযুক্ত থাকবেন এবং প্রচলিত বিধি মোতাবেক ভাতাদি প্রাপ্য হবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী রওশন আক্তার**
যুগ্মসচিব (প্রশাসন)।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**পুলিশ শাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৯ মাঘ ১৪২১/২২ জানুয়ারি ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৯৫.১৮.০০১.১৩-৫০**—২০১৪ সালের জন্য পুলিশ বাহিনীর সদস্যগণের অসীম সাহসিকতা ও বীরত্বপূর্ণ কাজের স্বীকৃতি স্বরূপ নিম্নবর্ণিত ১০(দশ) জন পুলিশ সদস্যকে "বাংলাদেশ পুলিশ পদক (বিপিএম)", ১৬(ষোল) জনকে "রাষ্ট্রপতির পুলিশ পদক (পিপিএম)" এবং গুরুত্বপূর্ণ মামলার রহস্য উদ্‌ঘাটন, অপরাধ নিয়ন্ত্রণ, দক্ষতা, কর্তব্যনিষ্ঠা, সততা ও শৃংখলামূলক আচরণের মাধ্যমে প্রশংসনীয় অবদানের জন্য ২০(বিশ) জন পুলিশ সদস্যকে "বাংলাদেশ পুলিশ পদক (বিপিএম)-সেবা" এবং ৪০(চল্লিশ) জনকে "রাষ্ট্রপতির পুলিশ পদক (পিপিএম)-সেবা" প্রদান করা হলো ঃ

**(ক) "বাংলাদেশ পুলিশ পদক (বিপিএম)"**

| ক্রমিক নং | নাম, পদবী ও কর্মস্থল | সুপারিশকৃত পদক |
|---|---|---|
| (১) | মরহুম কনস্টেবল/৩৩৪ মোঃ ইমান উদ্দিন, রামগঞ্জ থানা, লক্ষ্মীপুর। | বিপিএম (মরণোত্তর) |
| (২) | মরহুম কনস্টেবল/৪৪১ মোঃ আবদুল আউয়াল ভূঁঞা, কমলনগর থানা, লক্ষ্মীপুর | বিপিএম (মরণোত্তর) |
| (৩) | মরহুম কনস্টেবল/১৪৩ মোঃ আব্দুল মালেক, মুন্সিগঞ্জ। | বিপিএম (মরণোত্তর) |
| (৪) | এএসআই/২৭৩ নিউটন কুমার দত্ত, শিবচর থানা, মাদারীপুর। | বিপিএম |
| (৫) | এএসআই (নিরস্ত্র)/৩৩ শ্রী মিল্টন দে, কক্সবাজার জেলা, (বর্তমানে ট্যুরিষ্ট পুলিশে কর্মরত)। | বিপিএম |
| (৬) | নায়েক/৮১ মোঃ দুলু মিয়া, আরআরএফ, রাজশাহী। | বিপিএম |
| (৭) | ল্যান্স নায়েক/৫৯৭৪১ মোঃ সাইফুল ইসলাম, র‌্যাব-৮, বরিশাল। | বিপিএম |
| (৮) | কনস্টেবল/৮১৩ মোঃ আনোয়ার হোসেন, গোয়েন্দা শাখা, বিএমপি, বরিশাল। | বিপিএম |
| (৯) | কনস্টেবল/৮৩৯১ মোঃ খায়রুল ইসলাম, র‌্যাব-১৩, রংপুর। | বিপিএম |
| (১০) | কনস্টেবল/১০৩৮ মোঃ আঃ রহিম, সাতক্ষীরা। | বিপিএম |

**(খ) "বাংলাদেশ পুলিশ পদক (বিপিএম)-সেবা"**

| ক্রমিক নং | নাম, পদবী ও কর্মস্থল | সুপারিশকৃত পদক |
|---|---|---|
| (১) | জনাব মীর শহীদুল ইসলাম, পিপিএম, ডিআইজি, স্পেশাল ব্রাঞ্চ, ঢাকা। (সাবেক ডিআইজি, রাজশাহী রেঞ্জ) | বিপিএম-সেবা |
| (২) | জনাব মোহাঃ শফিকুল ইসলাম, ডিআইজি, চট্টগ্রাম রেঞ্জ, সাবেক পুলিশ কমিশনার, সিএমপি, চট্টগ্রাম। | বিপিএম-সেবা |
| (৩) | জনাব মোঃ শাহাদাত হোসেন, কমান্ড্যান্ট (অতিরিক্ত ডিআইজি), ডিটেকটিভ ট্রেনিং স্কুল, সিআইডি, ঢাকা | বিপিএম-সেবা |
| (৪) | জনাব মোঃ শফিকুল ইসলাম, অতিঃ ডিআইজি (অপরাধ), ঢাকা রেঞ্জ, ঢাকা। | বিপিএম-সেবা |

| ক্রমিক নং | নাম, পদবী ও কর্মস্থল | সুপারিশকৃত পদক |
|---|---|---|
| (৫) | জনাব মোঃ মনিরুল ইসলাম, বিপিএম, পিপিএম, যুগ্ম পুলিশ কমিশনার, ডিবি, ডিএমপি, ঢাকা। | বিপিএম-সেবা |
| (৬) | জনাব মীর রেজাউল আলম, যুগ্ম পুলিশ কমিশনার, (ক্রাইম এন্ড অপারেশন), ডিএমপি, ঢাকা। | বিপিএম-সেবা |
| (৭) | বিএ-৫০৭৭ লেঃ কর্নেল মিফতাহ উদ্দিন আহমদ, র‌্যাব-৭, চট্টগ্রাম। | বিপিএম-সেবা |
| (৮) | জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন মাতুব্বর, পিপিএম, উপ-পুলিশ কমিশনার, ডিবি (পূর্ব) বিভাগ, ডিএমপি, ঢাকা | বিপিএম-সেবা |
| (৯) | জনাব কৃষ্ণ পদ রায়, পিপিএম, উপ-পুলিশ কমিশনার, ডিবি (দক্ষিণ), ডিএমপি, ঢাকা। | বিপিএম-সেবা |
| (১০) | জনাব হাবিবুর রহমান, বিপিএম, পিপিএম, পুলিশ সুপার, ঢাকা। | বিপিএম-সেবা |
| (১১) | ড. খঃ মহিদ উদ্দিন, পুলিশ সুপার, নারায়ণগঞ্জ। | বিপিএম-সেবা |
| (১২) | জনাব এ কে এম হাফিজ আক্তার, পুলিশ সুপার, চট্টগ্রাম। | বিপিএম-সেবা |
| (১৩) | জনাব মোঃ হাবিবুর রহমান, পুলিশ সুপার, খুলনা। | বিপিএম-সেবা |
| (১৪) | জনাব শেখ নাজমুল আলম, পিপিএম-বার, উপ-পুলিশ কমিশনার, ডিবি (উত্তর), ডিএমপি, ঢাকা। | বিপিএম-সেবা |
| (১৫) | জনাব আমেনা বেগম, পুলিশ সুপার, রাংগামাটি পার্বত্য জেলা (বর্তমানে নরসিংদী জেলা)। | বিপিএম-সেবা |
| (১৬) | জনাব মোঃ আশরাফুল ইসলাম, বিশেষ পুলিশ সুপার, অর্গানাইজড ক্রাইম, সিআইডি, ঢাকা। | বিপিএম-সেবা |
| (১৭) | জনাব মোঃ আজিজুর রহমান চৌধুরী, সিনিয়র সহকারী পুলিশ সুপার (রাজনৈতিক), এসবি, ঢাকা। | বিপিএম-সেবা |
| (১৮) | জনাব হাসান আরাফাত, সহকারী পুলিশ কমিশনার, ডিবি (দক্ষিণ) বিভাগ, ডিএমপি, ঢাকা। | বিপিএম-সেবা |
| (১৯) | জনাব আবু হেনা মোঃ ইউসুফ, পুলিশ পরিদর্শক, সিআইডি, টাঙ্গাইল জেলা। | বিপিএম-সেবা |
| (২০) | কনস্টেবল/৪৩৪ মোঃ নাছির উদ্দিন, পুলিশ অধিদপ্তর, ঢাকা। | বিপিএম-সেবা |

## (গ) "রাষ্ট্রপতির পুলিশ পদক (পিপিএম)"

| ক্রমিক নং | নাম, পদবী ও কর্মস্থল | সুপারিশকৃত পদক |
|---|---|---|
| (১) | বিএ-৬৭৩৭ মেজর আদনান কবির, র‌্যাব-৮, বরিশাল। | পিপিএম |
| (২) | জনাব এস. এম সিরাজুল হুদা, সিনিয়র সহকারী পুলিশ সুপার (সদর), মৌলভীবাজার | পিপিএম |
| (৩) | জনাব শাহ্ মোঃ আজাদ, পিপিএম, সিনিয়র সহকারী পুলিশ সুপার র‌্যাব-৮, বরিশাল। | পিপিএম |
| (৪) | জনাব মোহাম্মদ রাসেল শেখ, সিনিয়র সহকারী পুলিশ সুপার, সাভার সার্কেল, ঢাকা। | পিপিএম |
| (৫) | বিএ-৭৫৪০ ক্যাপ্টেন হাসিবুল হক, র‌্যাব-৮, বরিশাল। | পিপিএম |
| (৬) | জনাব সিকদার আককাছ আলী, অফিসার ইনচার্জ, পাইকগাছা থানা, খুলনা। | পিপিএম |
| (৭) | এসআই/মোঃ সিরাজুল হক, কোতয়ালী থানা, রংপুর। | পিপিএম |
| (৮) | এসআই (নিরস্ত্র)/মোঃ কামাল হোসেন, শহর পুলিশ ফাঁড়ী, ফেনী মডেল থানা, ফেনী। | পিপিএম |
| (৯) | এসআই/মলয় চক্রবর্তী, ডিবি, ময়মনসিংহ। | পিপিএম |
| (১০) | এএসআই/১৭৩৪৬ মোঃ শফিকুল ইসলাম, ক্যান্টনমেন্ট থানা, গুলশান বিভাগ, ডিএমপি, ঢাকা। | পিপিএম |
| (১১) | এএসআই (নিরস্ত্র)/৭৩ মোঃ দুলাল হোসেন, র‌্যাব-১৩, রংপুর। | পিপিএম |
| (১২) | এএসআই (নিরস্ত্র)/১৮৯ মোঃ আমিনুল ইসলাম, সাতক্ষীরা জেলা। | পিপিএম |
| (১৩) | কর্পোরাল/১৪৩৮৮৬৫ মোঃ মাসুদ মিয়া (সেনা), র‌্যাব-৭, চট্টগ্রাম। | পিপিএম |
| (১৪) | ল্যান্স নায়েক/৬০৯০৪ মোঃ বন্দে আলী মোল্যা, র‌্যাব-৮, বরিশাল। | পিপিএম |
| (১৫) | কনস্টেবল/১৪৬ গিয়াস উদ্দিন, পুলিশ ট্রেনিং সেন্টার, নোয়াখালী। | পিপিএম |
| (১৬) | জনাব মোঃ শাহজাহান, অফিসার ইনচার্জ, লোহাগড়া থানা, চট্টগ্রাম। | পিপিএম |

## (ঘ) "রাষ্ট্রপতির পুলিশ পদক (পিপিএম)-সেবা"

| ক্রমিক নং | নাম, পদবী ও কর্মস্থল | সুপারিশকৃত পদক |
|---|---|---|
| (১) | জনাব খন্দকার গোলাম ফারুক, বিপিএম-সেবা, অতিঃ ডিআইজি (প্রশাসন ও অপারেশন), ঢাকা রেঞ্জ, ঢাকা। | বিপিএম-সেবা |
| (২) | জনাব সালেহ্ মোহাম্মদ তানভীর, পুলিশ সুপার, টাঙ্গাইল। | বিপিএম-সেবা |
| (৩) | জনাব চৌধুরী মঞ্জুরুল কবির, পিপিএম, পুলিশ সুপার, সাতক্ষীরা। | বিপিএম-সেবা |
| (৪) | জনাব মোঃ মিজানুর রহমান, পুলিশ সুপার, গোপালগঞ্জ। | বিপিএম-সেবা |
| (৫) | জনাব সালমা বেগম, অধিনায়ক (পুলিশ সুপার), ১১ এপিবিন, উত্তরা, ঢাকা। | বিপিএম-সেবা |
| (৬) | জনাব শাহ মিজান শাফিউর রহমান, পুলিশ সুপার, লক্ষ্মীপুর। | বিপিএম-সেবা |
| (৭) | জনাব বিধান ত্রিপুরা, পুলিশ সুপার, মানিকগঞ্জ। | বিপিএম-সেবা |
| (৮) | জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন, ভারপ্রাপ্ত উপ-পুলিশ কমিশনার (এডিসি), মতিঝিল জোন, ডিএমপি, ঢাকা। | বিপিএম-সেবা |
| (৯) | বিএ-৫৪৮০ মেজর আব্দুল্লাহ আল- মোমেন, উপ-পরিচালক, ইন্টেলিজেন্স উইং, র‌্যাব ফোর্সেস সদর দপ্তর। | বিপিএম-সেবা |
| (১০) | বিএ-৫৮০৬ মেজর মুহম্মদ সাদিকুর রহমান, কোম্পানী অধিনায়ক, র‌্যাব-৩, ঢাকা। | বিপিএম-সেবা |
| (১১) | বিএ-৬৭৩৩ মেজর মোঃ সাইফুল ইসলাম সোহেল, উপ-পরিচালক, ইন্টেলিজেন্স উইং, র‌্যাব সদর দপ্তর। | বিপিএম-সেবা |
| (১২) | বিএ-৬৪২৩ মেজর মোঃ মাহবুব আলম পিএসসি, ইবি, উপ-পরিচালক, ইন্টেলিজেন্স উইং, র‌্যাব সদর দপ্তর। | বিপিএম-সেবা |

| ক্রমিক নং | নাম, পদবী ও কর্মস্থল | সুপারিশকৃত পদক |
|---|---|---|
| (১৩) | বিএ-৬৭৮৫ মেজর মোঃ আসিক কুদ্দুস, র‍্যাব সদর দপ্তর, ঢাকা। | বিপিএম-সেবা |
| (১৪) | পিনং-১৭৫৪ লেঃ কমান্ডার, আলী হায়দার চৌধুরী (ট্যাজ), বিএন, র‍্যাব-১২, সিপিসি-১, কুষ্টিয়া। | বিপিএম-সেবা |
| (১৫) | জনাব মোহাম্মদ জায়েদুল আলম, অতিঃ উপ-পুলিশ কমিশনার (প্রশাসন), ডিএমপি, ঢাকা। | বিপিএম-সেবা |
| (১৬) | জনাব শরিফ উদ্দিন আহমেদ, অতিঃ পুলিশ সুপার, ইন্টেলিজেন্স উইং, র‍্যাব সদর দপ্তর, ঢাকা। | বিপিএম-সেবা |
| (১৭) | জনাব মুহাম্মদ শাহনেওয়াজ খালেদ, অতিরিক্ত পুলিশ সুপার (অপরাধ), নরসিংদী। | বিপিএম-সেবা |
| (১৮) | জনাব মোঃ জাহিদ হোসেন ভূঞা, অতিঃ পুলিশ সুপার, পুলিশ স্টাফ কলেজ, ঢাকা | বিপিএম-সেবা |
| (১৯) | জনাব মোঃ আঃ আহাদ, অতিঃ উপ-পুলিশ কমিশনার, ডিবি (উত্তর), ডিএমপি, ঢাকা। | বিপিএম-সেবা |
| (২০) | জনাব আ.ফ.ম নিজাম উদ্দিন, সিনিঃ সহকারী পুলিশ সুপার, হাটহাজারী সার্কেল, চট্টগ্রাম। | বিপিএম-সেবা |
| (২১) | জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সহকারী পুলিশ কমিশনার, ডিবি (দক্ষিণ), ডিএমপি, ঢাকা। | বিপিএম-সেবা |
| (২২) | জনাব মোঃ জুয়েল আমিন, সহকারী পুলিশ সুপার (রাজনৈতিক), স্পেশাল ব্রাঞ্চ, ঢাকা। | বিপিএম-সেবা |
| (২৩) | জনাব মাঈনুল ইসলাম, সহকারী পুলিশ কমিশনার, ডিবি (পূর্ব), ডিএমপি, ঢাকা | বিপিএম-সেবা |
| (২৪) | জনাব মাহমুদা আফরোজ লাকী, সহকারী পুলিশ কমিশনার, ডিবি (দক্ষিণ), ডিএমপি, ঢাকা। | বিপিএম-সেবা |
| (২৫) | জনাব মোঃ ইকবাল হোছাইন, সহকারী পুলিশ কমিশনার, ডিবি (পূর্ব), ডিএমপি, ঢাকা | বিপিএম-সেবা |
| (২৬) | জনাব মোঃ আফতাব উদ্দিন, সহকারী পুলিশ সুপার, অর্গানাইজড ক্রাইম, সিআইডি, ঢাকা। | বিপিএম-সেবা |
| (২৭) | জনাব জুবায়ের আহমেদ খান, পুলিশ পরিদর্শক (রাজনৈতিক), স্পেশাল ব্রাঞ্চ, ঢাকা। | বিপিএম-সেবা |
| (২৮) | জনাব সৈয়দ সফিকুল ইসলাম, পুলিশ পরিদর্শক (রাজনৈতিক), স্পেশাল ব্রাঞ্চ, ঢাকা। | বিপিএম-সেবা |
| (২৯) | জনাব মোঃ মশিউর রহমান, অফিসার ইনচার্জ (রমনা মডেল থানা) ডিএমপি, ঢাকা। | বিপিএম-সেবা |
| (৩০) | জনাব মোঃ আবু বকর সিদ্দিক, পিপিএম, অফিসার ইনচার্জ, ধানমন্ডি মডেল থানা, ডিএমপি, ঢাকা। | বিপিএম-সেবা |
| (৩১) | জনাব আবুল কালাম আজাদ, ইন্সপেক্টর (তদন্ত), ফেনী মডেল থানা, ফেনী। | বিপিএম-সেবা |
| (৩২) | জনাব শাহ মোঃ আওলাদ হোসেন, অফিসার ইনচার্জ, শ্রীপুর থানা, মাগুরা। | বিপিএম-সেবা |
| (৩৩) | জেসিও-৬৫৯৬ নায়েব সুবেদার মোঃ আব্দুল হাকিম শিকদার, র‍্যাব-১০, ধলপুর, যাত্রাবাড়ি, ঢাকা। | বিপিএম-সেবা |
| (৩৪) | এসআই/মোঃ ইদ্রিস আলী, দারুস সালাম থানা, ডিএমপি, ঢাকা। | বিপিএম-সেবা |
| (৩৫) | এসআই/মোঃ রাসেল, মিরপুর মডেল থানা, ডিএমপি, ঢাকা। | বিপিএম-সেবা |
| (৩৬) | এসআই (নিরস্ত্র)/মোঃ বাহাউদ্দিন ফারুকী, ডিবি (দক্ষিণ), ডিএমপি, ঢাকা | বিপিএম-সেবা |
| (৩৭) | এসআই (নিরস্ত্র)/মোঃ জহির হোসেন, কোতয়ালী থানা, সিএমপি, চট্টগ্রাম। | বিপিএম-সেবা |
| (৩৮) | এসআই (নিরস্ত্র)/সন্তোষ কুমার চাকমা, ডিবি, সিএমপি, চট্টগ্রাম। | বিপিএম-সেবা |
| (৩৯) | এসআই (নিরস্ত্র)/অশোক কুমার সিংহ, ডিবি, টাঙ্গাইল। | বিপিএম-সেবা |
| (৪০) | জনাব মোঃ শামছুল হক, পিপিএম, সহকারী পুলিশ সুপার, ভাংগা সার্কেল, ফরিদপুর। | বিপিএম-সেবা |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারজানা জেস্‌মিন**
সিনিয়র সহকারী সচিব।